কুপিতকে শিক

নাটক।

সংস্কৃত হুইতে সঞ্চলিত।

্ত ৩০টী গীত সমেত্র


তগ লি

नुर्धान्य महस्

ঐকারীনাথ ভটাচার্য ছার। মুক্তি।

मन ३२४० माल।

মূল্য ১০ বার 🖍



বিজ্ঞাপন।

অনেক দিন যাত্রা শোনা হয় নাই। কয়েক মাস অতীত হইল কোনও স্থলে উপর্যাপরি ছই দিন যাত্রা শুনিতে হইয়াছিল। এক দিন রামাভিষেক নাটকের যাত্রা--অপর দিন সতীনাটকের যাত্রা। এ যাত্রা গুনিয়া নৃতনরূপ প্রীতিলাভ হইল। কারণ পূর্বকালের যাত্রার বালকদিগের বিকৃতস্থরে কথোপকথন বড়ই কর্ণজালাকর হইত;— এযাত্রায় সেরপ হইল না। উক্ত উভয় নাটকেরই র**সস্থলে অভিনর** পূর্বেদেথিরাছিলাম; বর্ণ্যমান যাত্রাতেও অবিকল সেইরূপ অভিনয়ই দেখিলাম ;— বৈলক্ষণ্যের মধ্যে এই যে, এ যাত্রাস্থলে সজ্জিত রঙ্গভূমি ছিল না, এবং মধ্যে মধ্যে গীত ছিল। কিন্তু ঐ গীত গুলি নাটক-রচয়িতার স্বরচিত নহে—যাত্রাকারকেরা স্বকার্য্যের স্থবিধার জন্ত আপনারা রচনা করিয়া লইয়াছেন; এ নিমিত্ত নাটকের সহিত সে গুলির ভালরপে মিশ থায় নাই। তদ্ভিন্ন তাহা সম্যাতেও অল্ল। এই হেতু গীতপ্রিয় যাত্র।-শ্রোতৃগণের পক্ষে তাদৃশ প্রীতিকর হর নাই। এই সকল দেখিয়া শুনিয়া মনে হইল যে, যদি কোনও নাটকে অধিক স্থায় গীত থাকে, তাহা হইলে বোধ হয়, যাত্রাকারকদিগের পক্ষে বিশেষ স্থবিধা হইতে পারে। সেই স্থবিধাকরণের অভিপ্রায়েই আর্য্যক্ষেমী-খর-প্রণীত সংস্কৃত চণ্ডকৌশিক নাটক অবলপনকরিয়া এই কুপিত-কৌশিকনাটক লিখিত হইল। ইহাতে ৩০টী গীত স্বাছে। গুলির যে সকল রাগিণী ও তাল লিখিত হইল, যদি কেহ স্থবিধাবোধ করেন, তাহার অন্তথাও করিয়া লইতে পারিবেন। ফলতঃ যে অভি-প্রায়ে ইহা লিখিত হইল, তাহা সিদ্ধ হইলেই পরিশ্রম সার্থিক হইবে।

২৫এ বৈশাথ }



কুপিতকৌশিক নাটক।

প্রথমান্ধ।

১ম অঙ্কাংশ।

রাজা হরিশ্চন্দ্র ও বিদূষকের প্রবেশ।

বিদ্ধক। মহারাজ! কচ্ছপ বেমন আদথানা মুখ বাহির ক'রে তাক্রে থাক্লেও কিছুই দেখতে পায় না, আজ' তুমিও সেইরূপ রাত্রি-জাগরণে ঢুল্ঢুলে চোকে কিছুই দেখতে পাচ্ছনা—কাণা ই ভ্রের মত কেবল এদিক্ ওদিক্ খুর্ছ।

রাজা। বয়স্য! নিজাই প্রাণীদিগের প্রাণধারণের প্রথম উপায়। ইহার গুণ কি বলিব——

গীত।

রাগিণী বিবিট—তাল আড়াঠেকা।
নিদ্রার মহিমা অপার।
হেন গুণবভী দেবী নাহি দেখি আর॥
জীবগণে বক্ষে লয়ে, গাএ হাত বুলাইয়ে,
লাগিতে না দেয় অঙ্কে, কোনও হুখ তার—

অবসন্ন দেহ মন, প্রসন্ন করে কেমন,
জননী অপেকা স্নেহ নির্ধি ইহার॥
এই নিশা জাগরণে আজ্ আমার—
নিদ্রার অলস অস্ব, মুথে উঠে হাই।
চক্ষ্ লাল, ঘোরে তারা, দেখিতে না পাই॥
শরীরে সামর্থ্য নাই বিরস বদন।
রোগীর মতন সদা অবস্কু মন॥

(ক্ষণকাল চিন্তাকরিয়া) কুলপতি ভগবান্ বশিষ্ঠ কেন যে আমায় নিশা-জাগরণ কর্বার জন্মে উপদেশ দিয়েছিলেন, তা বৃত্তে পার্ছি না। অথবা গুরুজনে অবশ্রই শুভসাধনের উদ্দেশেই উপদেশ দিয়ে থাকেন;— অতএব তাঁদের আজ্ঞার উপর বিচার করতে নাই।

বিদূষক। মহারাজ! দেবী শৈব্যা গত রজনীতে বাসক-সজ্জা ছিলেন। তুমি তাঁর গৃহে যাওনি; তাতে যে অনর্থ বাধ্বে, আমি তাই চিস্তা কর্ছি—আমার অন্ত চিস্তা নেই।

त्राका। वश्रमा! ध পরিহাদের সময় নয়।

বিদু ৷ তোমার পক্ষে এ পরিহাস হ'তে পারে, কিন্তু এ গরীব বান্ধণের পক্ষে বড়ই বিপদ !

রাজা। (কিশিং শহিত হইলা) বয়স্য! তুমি কি মনে কর্ছ ? দেবী কি ভাবে আছেন ?

विष् । तर्रा छेड् र'रम् आष्ट्रन-आत कि !

রাজা। হ'তে পারে—কোপের সামান্য কারণ উপস্থিত নয়।
(চিন্তা করিয়া) —নিশ্চরই প্রিয়তমা ভাব্ছেন—হয় ত আমি মন্ত্রিগণের
কার্যাসুরোধে কল হ'য়েছি—অথবা স্থলগণের সহিত আমোদপ্রমোদে
ময় হ'য়েছি—কিন্তা অন্ত কোনও প্রেয়সীর ভবনে রাত্রিযাপন করেছি,
তাতেই তাঁ'র গৃহে য়াই নি,—আমি দিব্য চক্ষে দেখ্ছি—প্রেয়সী, এই
রূপ নানা অলীক চিন্তায় ও অভিমানে ময় হ'য়ে কতই রোদন কর্ছেন
এবং আমাকে ধূর্ত ও শঠ ভেবে কতই খিদ্যমান হয়েছেন।

বিদূ। (হাসিয়া) মহারাজ! আর এথন্ গতাত্মশোচনা কর্লে কি হবে ? এথন্ এসো দেবীর বাসগৃহে যাওয়া যাক্ এবং তিনি যাতে প্রসন্ন হ'বে তোমার মাধারকা করেন, তার উপায় দেখাযাক্।

রাজা। ভাল বলেছ—তাই চল।

(উভয়ের প্রস্থান)

২য় অঙ্কাংশ।

(मवीत्र भया। शृह।

মানিনীবেশে দেবী আসীন—অলকারাদিহন্তে চারুমতী নিকটে উপবিষ্ট; একান্তে ও গুপ্তভাবে রাজা ও বিদূষক দণ্ডায়মান।

রাজা। (জনান্তিকে) বয়সা! যা বলেছি—তাই! ঐ দেখ—
দেবীর অবস্থাটা দেখ—কেশগুলা আলুলায়িত হ'য়ে পড়েছে; গগুস্থানর পত্রাবলী মুছে ফেলেছেন; বালা বাজু হার প্রভৃতি অলঙ্কার
সকল দ্বে নিক্ষিপ্ত; অশুজলে নয়নের অঞ্চন ধুয়ে গেছে; কোপে
মুখ্থানি রাক্ষারাক্ষা হয়েছে; অধর শুক্ষ এবং তাম্প্রাগহীন।
(সম্পৃহ দর্শন করিয়া) কিন্তু ভাই! বল্তে কি, এই মানিনীবেশে নিরাভরণে দেবীর যে শোভা হয়েছে, আভরণে এত শোভা হয় না। আমার
ইচ্ছা হয়, নিরস্তর নয়নভ'রে এই শোভা দেখি।

বিদু। বয়স্ত ! ত্মিত ঐ শোভা দেখে ঠাওা হবে—কিন্তু ও শোভার সময়েত আর আদর ক'রে "থাও থাও "ব'লে হাত থেকে ছানাবড়া পান্তরা বেরোবে না—তা এ বামণের পেট ঠাও। কিসে হবে ? রাজা। বয়স্ত ! তামাসা রাথ। উহাদের কি কথা হ'ছে শোন।

সাজা। বনত: তাবালা সাবা ভংগবে সাক ক্বা হ কে লোক।

চাকেমতী। দেবি! প্রসাধনসামগ্রী সব দ্বে কেলেছিলেন,
আবার কুড্যে আন্লেম। এ সকল পরুন।

শৈব্যা i চাক্ষতি ! ও সকল নিয়ে যা ! প্রসাধনে আমার আর কাজ নেই, মিছামিছি আর আমায় জালাতন করিস নে !

विमृ । त्रांगण शक्ष्यत्रक छेभन छेर्छर ए एथ् छ ।

রাজা। (জনান্তিকে) প্রিয়ে! যথার্থই বলেছ; প্রসাধনে তোমার প্রয়োজন নাই—নির্ম্বল কাঞ্চনে রসান দিয়া শোভা বাড়ে না। ভাষূলরাগ, অঞ্জন, হার প্রভৃতিতে তোমার শোভার্দ্ধি হয় না। তবে ও সকল যে, ভোমার অঙ্গে ওঠে, সে ভোমার শোভার জল্ঞে নয়—সে ওলের নিজেরই স্বার্থ। যেহেতু তামূলরাগ ভোমার অধ্রের লালসা করে; অঞ্জন ভোমার চক্ষুচ্ছনের অভিলাষী হয়, আর হার ভোমার কণ্ঠালিঙ্গনের লোভ করে।

শৈব্যা ৷ (দীর্ঘ নিষাস ত্যাগকরিয়া সম্ভবনয়নে) চাক্সমতি ! আর্য্যপুত্র তেমন ক'রে আখাস দিয়ে যে, এরপ প্রতারণা কর্বেন—তা স্বপ্নেও জান্তাম না—ধিক্—আমার ভাগ্যকে ধিক্!

রাজা | (জনান্তিকে) অয়ি মনস্বিনি!

ভান্থ উঠিবার কালে, জলধর অন্তরালে যদি আইসে, তাতে নাহি হয়— পদ্মিনীর প্রতারণা, ভান্থর বা ধ্র্ত্তপনা, কেহ তাতে দোষভাগী নয়॥

চ্বারু । দেবি ! ছংখ ক'রে কি কর্বেন—রাজাদের অনেক প্রেম্বনী থাকে।

বিদু । (সজোধ) আঃ দাসীর ঝি! অনেক কাজ্থাকে বল্না!
—মিছামিছি মহারাজের মৃত্তপাতটা করিদ্কেন ?

द्राङ्ग। (मन्तिष्ठ) वत्रमा! वनुक ना— मित्र कि ?— ওতে इःथ नार्टे— व्यथ चाह्य। मान वांकावात कोमन कारन एर मकन एर्ड मधी— छाता ह्यूत्र छा पूर्वक मिथा। मित्र चारता प्रक'रत मान वांक्र व मिरन, त्मर्टे मारन नांनिनोता त्रांष्ठरत উগ্রহণ্ড। इ'स्त्र य मकन প্রুষকে ভং দনা করে—কটু বলে ও প্রহার করে, আমার মতে তাদের অপেকা ভাগ্যবান পুরুষ পৃথিবীতে আর নাই।

শৈব্যা----

গীত(২)

রাগিণী বেহাগ—তাল আড়া।

ছথ কাহারে জানাই।

এমন ব্যথার ব্যথী আর নাহি পাই।

আসিবেন প্রাণনাথ, চেয়ে আছি আশাপথ,

সমস্ত রজনী গত, তবু দেখা নাই—

কত আর বেঁচে রব, কত বা লাখনা সব,

বিদরে পৃথিবী, তার ভিতরে লুকাই॥

(মৃছুরোদন)

চার । দেবি ! শান্ত হোন্—শান্ত হোন্—আপনিইত কিছু না ব'লে ব'লে মহারাজের বিত্তেব বাড়্যেছেন । আপনি বড় উদার কি না ; পূর্ব্ব কথা আপনার কিছুই মনে থাকে না । আমায় যদি জিজ্ঞাসা করেন তবে আমি বলি, এবার তিনি যথন্ আস্বেন্, তথন্ আপনি কাছে বস্বেন না—কথা কবেন না—তাক্ষে দেখ্বেনও না । তিনি কপণের বাড়ীর ভিথারীর মত—ব'কে ব'কে—দাঁড়্য়ে দাঁড়্য়ে—ফিরে যাবেন। এরপ হু এক বার না কর্লে সোজা হবেন না !

দৈশব্যা। আচ্ছা তোর কথা রক্ষাকর্বো, যদি আর্য্যপুত্রকে দেখার পরও আমার এই ছৃষ্ট হৃদয় আপনার বশ থাকে।

রাজা। (সম্বেদেবীর নিকটে যাইয়া)

গীত।(৩)

রাগিণী থাখাজ—তাল মধ্যমান।
কেন বশ হবে না হৃদয়।
অসম্ভব কথা শুনি মনে লাগে ভয়॥
তোর বশ এই জন, মোর বশ তব মন,
ভৃত্যের ভৃত্যের প্রতিঃ প্রতি কেন হে সংশয়॥

বিদূ। রাজমহিষীর কল্যাণ হোক্। (উভরের সমন্ত্রমে গাতোখান।)

শৈব্যা। (খণত)এ কি! আর্য্যপুত্র ! (প্রকাশে) আর্য্যপুত্রের জয় হোক্।

চারে । (সভরে খগত) এ যে মহারাজ উপস্থিত!— ধিক্ ধিক্! তবে আমি যা গা বলেছি, সকলই বা শুনেছেন! (প্রকাশে) মহারাজের জয় হোক। (আসন লইয়া) এই আসন; মহারাজ বস্তুন।

(সকলের উপবেশন)

রাজা। (কিরংকণ নিরীকণ করিয়া) প্রিয়ে! প্রভাতকালে অর্দ্ধক্ষুটিত পদ্মধ্যে ভ্রমরী যেমন বাঁকা হ'য়ে প্রবিষ্ট হয়, সেইরূপ তোমার
এই দৃষ্টি আজ্ আমার প্রতি বাঁকা হ'য়ে পড়ছে কেন

ভ্রমার প্রতি বাঁকা হ'য়ে পড়ছে কেন

স্বাহ্মার বাঁকা হ'য়ে প্রতি বাঁকা হ'য়ে বাঁকা হ'য়ে প্রতি বাঁকা হ'য়ে প্রতি বাঁকা হ'য়ে প্রতি বাঁকা হ'য়ে প্রতি বাঁকা হ'য়ে পড়ছে কেন

স্বাহ্মার বাঁকা হ'য়ে পড়ায় বাঁকা হ'য়ে পড়ায় বাঁকা হ'য়ে প্রতি বাঁকা হ'য়ে পড়ায় বাঁকা হ'য়ে প্রতি বাঁকা হ'য়ে পড়ায় বাঁকা হ'য়ে প্রতি বা

ভূষণের পরিহার করেছ স্থলর ।

কি শোভা হরেছে তাহে আহা মরি মরি ॥

কিন্তু ভাবে বুঝিতেছি ডোমার হৃদয় ।

কোপযুক্ত হইয়াছে নাহিক সংশয় ॥

শৈব্যা। (অহয়া সহকারে) আর্য্যপুত্র! তোমার অঙ্গগুলি নিদ্রায় অলস হয়েছে; চক্ ছটা রাজা হয়েছে— ঢুলু ঢুলু কর্ছে— এতে ভোমায় বড় স্থল্পর দেখাছে। বল দেখি নাথ! কোন্ ভাগাবতীর ভবনে কাল্কার রাত্রিটা জাগরণকরা হয়েছিল ?

(কোপ প্ৰকাশ)

রাজা। (সাফুনয়ে) প্রিয়ে ! শাস্ত হও—প্রসন্ন হও;—এ কি এ—
উঠিল কৃটিল ভূক্ত ললাটের মাঝে।
যেন মদনের জন্ম-পতাকা বিরাজে॥
বিশ্বাধর কোপভরে কাঁপে থর থর।
বায়ু-বিধৃনিত-বন্ধুজীব-সহোদর॥

(কৃতাঞ্চলি হইমা)
মিছা কোপ ছাড় প্রিয়ে! সত্য কথা কই।
যেরূপ ভাবিছ মোরে আমি তাহা নই॥
ইচ্ছা হয় দণ্ড দেও যে হয় উচিত।
আমার প্রমাণ কিন্তু কুলপুরোহিত॥

প্রতীহারীর প্রবেশ

প্রতী। মহারাজের জয় হোক্। মহারাজ! কুলপতি বশিষ্টের আশ্রম হ'তে এক ভাপদ এদেছেন।

রাজা। হেমপ্রভে! অতি সমাদরের সহিত সম্বর আন। প্রতী। যে আজ্ঞা মহারাজ!

(প্রস্থান)

শান্তিজন-কলসহন্তে তাপস ও প্রতীহারীর প্রবেশ।

তাপস (^{স্বিশ্বরে}) উ:—কি ভয়ন্বর কাণ্ড!

আজি নহে অমাবস্যা, নহে পৌর্ণমাসী।
তবু রাছ স্থ্য চল্লে গ্রাসে ধেরে আসি ॥
একি বিপরীত কাণ্ড! একি অলক্ষণ!
চারিদিকে শোনা যায় নির্ঘাত নিম্বন।
অগ্নিরৃষ্টি দিগ্দাহ হয় অবিরত।
থাকি থাকি বস্থন্ধরা কাঁপিছে কি মত॥
থরতর বায়ু বহে আঁধার ধ্লায়।
মেঘ হ'তে রক্তবৃষ্টি পড়িছে ধরায়॥
উন্ধাপিও আকাশেতে থোরে অনর্গল।
পরিধি-বেটিত দেখি স্থ্যের মণ্ডল॥
রজনীতে কাক ডাকে দিবসে শৃগাল।
অর্দ্ধরাত্রে হ্রমারবে ডাকে ধেমুপাল॥

পেরে অন্তর্গণ ভেরেছি; মিছামিছি কত অভিমান করেছি; আর এ হেন
উদার আর্য্যপ্ত্রকে কতই অন্তায় কথা বলেছি। এখন্ সে সকল মনে
হ'য়ে বফুই মজা কর্চে। (চিল্লা করিয়া) আর্য্যপ্ত্র আমার ঘরে কাল্
আদেন নি; কিন্তু কেন এলেন না ?— কি বন্ধ্বান্ধবের অমুরোধ পড়েছিল ?— কি কোনও রাজকার্য্যের চিন্তা উপস্থিত হ'য়েছিল ?— এ সকল
চিন্তা ত মনে একবারও উঠ্লো না! কেবল মনে হ'তে লাগ্লো—তিনি
কোন্ প্রেয়সীর ঘরে রাত্ কাটালেন!— মেয়ে মামুষের মন—কেবল
আঁতাকুড়;—কেবল মন্দই ভাবে—এরা পাত্রাপাত্র কিছুই বোঝে না—
সন্তব অসন্তব কিছুই ভাবে না— অকারণে সন্দেহ ক'রে আপনারাও
পুড়ে মরে— স্বামীকেও যার পর নাই কন্ত দেয়— এ পাপ জেতের কুটিল
মনকে ধিক্! (প্রকাশে কুচাঞ্চলি) আর্য্যপ্ত্র! আমার অপরাধ মার্জনাকর্মন—প্রসন্ধ হোন্।

রাজা। (সাহরাগে) কি প্রিয়ে ! প্রসন্ন হবার জয়ে অনুরোধ কর্ছ ?—আছে া—

গীত (৫)

রাগিণী ঝিঁঝিট—তাল পোস্ত।

তবে হে প্রসন্ধ, তোমায় হ'তে আমি পারি।

যদি মম মনোবাঞ্ছা তুমি, পুরাও অহে স্থানর ।।

হার পরাব তোমার গলে, তিলক এঁকে দিব ভালে,

আর—বিধুবদন করে তুলে, দেখ্ব কেবল নেহারি।।

শৈব্যা । আমার বড় লজ্জা করে। (লজ্জা প্রকটন)

রাজা। প্রিয়ে! আমি অরসিকা লজ্জাকে দূর করে দিচিচ।
(শৈব্যার অঙ্গে রাজার হারাদি পরিধাপন; অতাস্ত অমুরাগের সহিত পরস্পরের প্রতি
পরস্পরের অবলোকন)

শৈব্যা (ব্যত) কুলপতি আন্সপুত্রের জন্তে এত শান্তিপত্তারন কেয়ু কুর্ছেন ? আর্থাপুত্রের কোনও অনসল ঘটুবে না ত ?—আর্থা- পুত্র ত কিছুই ভাব্ছেন না—কিন্ত আমার বড় জর হচ্ছে (প্রকাশে) আর্য্যপুত্র ! কুলপতি যা যা কর্তে আদেশ করেছেন—আমি এখন সে সকল কাজ করিগে?

রাজা। প্রিয়ে! তোমার যা অভিনায়। (শৈব্যাও চারুমতীর প্রহান।)

রাজা । বয়য় ! এখন কিরপে এই উৎকণ্ঠাকুল আত্মাকে বিলো-দিত করি ?

বিদূ । মহারাজ ! তুমি দেবীর ক[া] নিয়ে আত্মার বিনোদন কর, আর আমি ছটা ফলারের গল্প ক'রে মনটা ঠাণ্ডা করি।

বনেচরের প্রবেশ।

বনে। হেই ঝে ভটা!—ভটা! জয় জয়।
রাজা। কি রে রৌমি যে—সংবাদ কি ?

বনে। ভটা সংবাদ বড় শক্ত !—হৈ ঝে বনের মদি তুমি শীকার কর্তে যাও, তারই ভ্যাতর একটা মন্তো বুনো বরা আইচে—ও ভটা! বলি না প্যাত্যয় যাবে, সে ভার গা ঝ্যান বার্ষেকালের ম্যাগ; ঘর্ ঘর্ ঘর্ ঘর্ শক্ষই কৃত্তি নেগেচে; ঘাড়ের রেঁ। গুলো ভ্যাড় হাত লম্বা; চোক্ হুটো দিয়ে যেন চিকুর হান্চে; দাঁত হুটো হেই বড়—আর ধপ্ ধপ্ কচ্চে; মুএর জৌরই কি!—বনভা চমে ফ্যালে—আর বেবাক মুতো থাইএ ফ্যালে; সেভার অকম নক্ম দিকি মোর বড় ভর নাগ্লো—তাই মুই ভট্টাকে থবর দিতে আমু—ভট্টা সম্ব শোন্লে;একন্ যা কতি হয়—কর—মুই সেই খানেই যাই—দেখিগা সেভা কি কচেচ।

(প্রস্থান।)

রাজা। ব্যুসা! বেশ হ'লো—উত্তম বিনোদ্ভান পাওয়া গেল। বিদৃ । (সক্রোধে) মহারাজ ! মৃগয়ায় বনে বনে বিচরণ কর্তে হয়
—তাতে কাঁটা ঝোড় জঙ্গলে পা কত বিক্ষত হ'য়ে যায় ;—উচ্চ নীচ
ভূমিতে দৌড়াদৌড়ি করায় খাসরোগ জয়ে ; ক্ষ্ধার সময়ে অয় পাওয়া

যায় না ; ভৃষ্ণায় ছাতি ফাটে, জল মেলে না ;—তা ছাড়া ভূত প্রেত

যক্ষ দানব রাক্ষস পিশাচের ভয় ত কতই আছে । তা মহারাজ ! এ হেন

সর্বনেশে মৃগয়াও যদি তোমার বিনোদস্থান হয়, তবে তোমার বিশ্রামভান কোন্টা ?—তৃমি কি জান না, শাস্ত্রকারেরা মৃগয়াকে ব্যসন বলেন ?

রাজা। (হাসিয়া) না হে—রাজাদের মৃগয়া করা একবারে নিষিদ্ধ নয়—ওতে অত্যস্ত আসক্ত হওয়াই নিষেধ; শাস্ত্রকারদেরও এই মত। মৃগয়া রাজাদের বড় উপকারিণী।

গীত৷ (৬)

রাগিণী বাগেখরী—তাল আড়া।

মৃগয়ার নিকা বল করে কোন জন।

কি আছে বীরের পক্ষে হেন বিনোদন।
উৎসাহের বৃদ্ধি করে, অঙ্গের জড়তা হরে,
কত মত গুণ ধরে, এই মৃগয়ায়—
পশুপক্ষীর ভয় কোধ, অনায়াসে হয় বোধ,
চল লক্ষ্যে শরশিক্ষার প্রধান সাধন॥

এখন্ এসো সেইখানেই যাওয়া যাক্।

(সকলের প্রস্থান।

দ্বিতীয় অঙ্ক।

১ম অঙ্কাংশ।

বন ভূমি।

বরাহ অস্বেষণ করিতে করিতে বল্লম হস্তে বনে-চরের সবেগে প্রবেশ।

বনেচর। কৈ স্থম্নির বরা গ্যাল কনে? মোরে যে তাড়াডা করে হাল, তা মুই যদি বড় গাছ্টার নাগাল না প্যাতৃন, তা হলিই মোর রাম্পিতি বার করি দে হাল। তকন্ এই বল্লম ডা মোর হাতে ছ্যাল না, তাই স্থম্নি বেঁচে গ্যাচে— (মুখ ভঙ্গা করিয়া) য়্যাকন আয় না— তোর ঘোর ঘোরাণি হার ভ্যাতর দিই। (অবেষণ করিতে করিতে) কৈ স্থম্নি গ্যাল কোন্ কড়ে? নাগাল পাই না ঝে?—এই দ্যাক্চি স্থম্নি ডবার পাঁাক্ সব মেড্রেছে;—এই পদক্লির গাঁড় চ্যাবায়েচে;—এই মুতা থাএচে;—এই সব মাটা দলেচে। ভট্টা ত হকুম পেট্য়েছেন, বনের চার ধারে ব্যাড়া লাগাও—জাল পাতি ফ্যাল—হীকারী কূতা গুলোকে ছোড় দ্যাও—আর ঘোড়শোয়ার স্থম্নিদের থাড়া হতি বল। তা বরা স্থম্নির নাগাল না পালি ত কিছু হতি পাচেচ না (নেপথো দৃষ্ট করিয়া) ঐ ঝে স্থম্নি লেঙুড়্ গুড়্রে পেইলে যাচেচ।—ইং—হারে রেরেরেরে—পাকড়ো—পাকড়ো।

উগ্র-বেশধারী বিশ্বরাজের প্রবেশ।

আমি ত বিল্পরাজ—স্বর্গ মর্ত্য পাতাল ত্রিভূবনে বিশ্বরাজ। আমার অগম্য স্থান নেই। লোকে যে যেখানে যা কিছু কাজ করে, ভাতে বিল্ল করাই আমার ব্যবসা—তুমি বাঁশ ফুল চেলের ভাত, গাওয়া ঘী, টুমুরের ডা'ল, পটোল পোড়া, পাকা আমড়ার অম্বল-এই স্ব মনোমত সামগ্রী নিয়ে থেতে বসেছ—আমি একটা মরা মাছী হ'রে তোমার ডা'লের ভিতর ঢুক্লেম—তৃমি বৃক্তে পার্লে না—মৌরির কোড়ন মনে ক'রে আমায় থেয়ে ফেল্লে;—আর বেমন থেলে অম্নি—ধাওয়ার দফা রফা।—কেমন? তোমার ভোজনে বিল্ল হলো কি না ? (অন্য দিকে তাকাইয়া) তুমি কিছু বিদ্যা অভ্যাস করেছ; বিল-কণ অর্থ উপার্জন কর্ছ; দেশে বেশ মানসম্ভম হয়েছে; স্ত্রী পুত্র কলা প্রভৃতি নিয়ে, পরম স্থবে সংসার কর্ছ। আমি কি সে নিটুট্ সুধ দেখতে পারি ? না আমার এই কোমল প্রাণে সে দেখা সহা হয় ? আমি অম্নি বাগ্য়ে বাগ্য়ে, তোমার সেই গিলীটাকে—যাকে তুমি वुरकत এकथान राष्ट्र मतन कत, तनरेंजीरक-थून क'रत छेन्ए निनाम ! কেমন হলো ? এত ধন জন ছেলে পিলে পরিপূর্ণ থাক্লেও তোমার গৃহ শৃত্ত হলো কি ন। ?—এখন যত দিন বাঁচ, হাপু গোণগে । (অপরদিকে দৃষ্টি করিয়া) তুই ছুঁড়ী যুবতী হয়েছিস্; তোর রূপের প্রভায় তাকান যায় না; খ্রাণের কথাও সকলেই বলে; ভুই সোণার অঙ্গে সোণার চূড়ী **टिकन गाफ़ी भरत आस्लारमभूजूरनत गठ र'रब जुड़ी मिरब रवड़ रब रवड़ाज़।** তোর মনে অভিমান এই যে, তোর সংসারে কোনও অপ্রতুল নেই; তোর স্বামীর যেমন রূপ—তেমনই গুণ; আর তোকে প্রাণ অপেক্ষাও বেশী ভাশ বাসে।—বটে ?—তবে তুই বড় স্কৰ্ষে আছিম্ ? ওরূপ স্থথ আমার চকুর भূল।---আমি সর্বাদাই ফিকিরে থাক্লেম-এক দিন বাগ্ ক'রে তোর কাছে বেঁদে বদ্লেম—আর ব'দেই হাতের খাড়ুগাছটী পুট

ক'রে ভেঙ্গে দিলেম !— কেমন হলো ?— তোর স্থথ ফ্রুলো ?— তোর জনটাই ব্যর্থ হরে গেল ?— এখন যা বেটী— সংসারের তরক্তে পড়ে হার্ডুব্ থেগে।—— হা হা হা হা— (উচ্চ হাস্য) এরূপ কাজে আমার বড় আমোদ হয়। ফল কথা— সংসারে যেখানে যেখানে স্থথ দেখি, সেই খানেই একটা না একটা বিল্ল কর্বার চেষ্টা করি।— যদিও বিধাতার আদেশে ভাল মল সকল কাজেই আমায় যেতে হয় — তব্ ভাল কাজের বিল্ল কর্তেই আমার পরন স্থথ। পরের ভাল আমি দেখ্তে পারিনে — কেমন্ করেই পার্বো ?—

গীত। (৭)

রাগিণী খাস্বাজ—তাল তেলেনা।
পরস্থা বল দেখি সহি কেমনে।
বাজসম বাজে মম এই পরাণে।।
পরে যদি খায় পরে, পরে যদি গুণ ধরে,
পরে যদি প্রেম করে, পরেরই সনে—
এ সব দেখিলে মোর, ছথের না থাকে ওর,
ফুটীফাটা মত বুক ফাটে সেক্ষণে।।

—কেবল মান্তবের কাছেই যে আমার প্রভাব—তা নর—দেবতাঅস্থ্র-রাক্ষণ প্রভৃতি কেউই আমার হাত এড়াতে পারেন না !—দক্ষপ্রজাপতির যজ্ঞ—ইক্সজিতের যজ্ঞ—বলির যজ্ঞ—শর্মাই ধ্বংস পাড়্রেছেন—অথবা অল্পের কথা কি ?—দক্ষযজ্ঞে সতী প্রাণত্যাগ কর্লে পর
দেবাদিদেব মহাদেব বড় আড়ম্বর ক'রে হিমালরে তপদ্যা কর্তে বসেছিলেন—(হাত নাড়িরা) তাতেও কি শর্মা বিদ্ন কর্তে পারেন নি ?—
হা হা হা!!—(হাস্য) (সাহ্লাদে) আমার ক্ষমতা অপার! (চিন্তা করিয়াকিঞ্ছিৎ
সক্ষোপে) হ্যাদে ব্যাটা বিশ্বামিত্র!—এর কাণ্ড দেথ দেখি!—আরে তুই
ব্যাটা ছিলি ক্ষজিবের ছেলে —কত ক্ষেই বামণ হয়েছিস্—তোর পক্ষে

বামণ হওয়া. আর বিরালের ভাগ্যে শিকাছেঁড়া—সমান।—তা তাতেই সম্ভই থাক্—তা নয়। উনি তিন বিদ্যা সিদ্ধ কর্বেন!—ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরকে উড়্যে দেবেন!—দিয়ে—একের প্রভাবে জগতের স্থাষ্টি—দিতীয়ার শক্তিতে পালন ও তৃতীয়ার বলে সংহার কর্বেন!—আরে তা কি হয় ?—

রজারশী হয়ে ব্রহ্মা করেন স্কল।
সক্রপে নারায়ণ করেন পালন।।
মহাদেব তমোগুণে করেন সংহার।
সকলের ভিন্ন ভিন্ন আছে অধিকার।।
এক জনে স্টেক্তি প্রলার করিবে।
এ হেন অন্তুত কাও কেমনে ঘটবে শু।।

—তা কোনও মতেই করতে দেওয়া হবে না—বিখামিত্রের বিদ্যাসিদ্ধির ব্যাঘাত কর্তেই হবে।—(আশকার সহিত) কিন্তু ঐ যে লম্বা নথ-লম্বা জ্ঞা-লম্বা দাড়ী ওয়ালা ব্যাটারা-ওদের অসাধ্য কোনও কর্ম নেই-ওরা সকলই করতে পারে—আর ওরা যে বীজ বীজ ক'রে কি বকে— সে বকুনির চোটে আমি সে দিকে যেঁদ্তেই পারিনে। (চিন্তা করিয়া) তবু চেষ্টা ছাড়া হবে না। মুনিরা স্বভাতঃ বড় রাগাল; যদি কোনও মতে ব্যাটাকে রাগ্য়ে দিতে পারি-তা হলেই কার্যাসিদ্ধি হবে। তা ছাডা আর এক কণা এই যে, যারা সম্বগুণের আশ্রয়ে ক্রোধ, অহকার, হিংসা ত্যাগ ক'রে কাজ করে, তাদের সে সাত্তিক কার্য্যে বিম্নরাজ সহলে দস্তক্ষ্ট কর্তে পারেন না — কিন্তু যারা তমোগুণের বশীভূত হ'য়ে ক্রোধ ও অহঙ্কারের সঙ্গে কাজ করে—তাদের সে কাজ ত আমার भाका कला- তাতে विश्व बहेत्वरे बहेत्व। विश्वामित्वत्र त्य विमामिकि — সে সাত্ত্বিক কাজ নম — ব্যাটা কেবল রেগে— অহঙ্কারে মত হ'য়ে আপ-নার ক্ষমতা দেখাবার জন্তেই এ কাজ কর্ছে—তা এতে বিম হ'তে পারে।-- আমিও তার জোগাড় করেছি। ঐ যে রাজা হরি চক্র বরাহ শিকার কর্তে বনে এরেছে—ও বরাহ সত্যি নর !— আমিই মারাক্লপ ধ'রে বরাহ হরেছিলাম—রাজাও আমাকে একবার দেখতে পেরেছিল— বাণ ঝেড়েছিল আর কি— যাই ভাগ্যের বড় জোর তাই পাল্রে এসে বেঁচেছি। যা হোক্ এখন রাজাকে বিশ্বামিত্রের আশ্রমে নিয়ে বাবার চেন্তা করি। (চিন্তা করিয়া) রাজা হরিশ্চক্রও ধনে মানে কুলেশীলে বড়ই স্থথে আছে—তারও স্থথের একটু বিশ্ব করা উচিত—নিরবচ্ছির স্থতোগ কর্তে পেলে মাসুবের মনে বড় অহঙ্কার হয়—মধ্যে মধ্যে খেগাঁচা থাওরা ভাল।

নেপথ্যে। মহারাজ! এই বনের মধ্যে ঢুকেছে—এই দিকে আহ্বন—এই দিকে।

বিদ্ম। (গুনিরা সাহ্লাদে) এই বে, রাজা—নিকটেই, উপস্থিত— তবে আবার সেই মায়া-বরাহ হ'য়ে দেখা দিই গে।

বেগে প্রস্থান।

বরাহ অন্থেষণ করিতে করিতে ধমুর্বাণহস্তে রাজা ও কশাহস্তে সারথির প্রবেশ।

সারথি। মহারাজ! এই বনের মধ্যে ঢুকেছে, এই দিকে আহ্বন—এই দিকে।

बुद्धि। के दर! (मथ्ए भारे ना रप। (अवस्य)

সার্থ। মহারাজ! হটবরাহ নিকটেই আছে—এই দেখুন তার চিহ্ন রয়েছে—

চারিদিকে পড়ে আছে নলিনী চর্বিত।
বাসের উপরে ফেনা মুথবিগলিত॥
পঙ্কিল জলের রেথা সরোবরতীরে।
মুস্তা-সুরভিত বায়ু বহে ধীরে ধীরে।

লৈ কি ! বনের মধ্যে এই চুক্লো—ইতিমধ্যে কোথার অন্তর্ধান কর্লে, কিছুই বৃক্তে পার্ছি মা—এ কোনও মায়াবী না কি ? (অবেষণ ও দেপগে দৃষ্টি) ঐ যে, নিকটেই !—উঃ—ফিরে দাঁড়্রেছে—আমাদের দিকেই কোপ ক'রে আস্ছে—ঐ দেখুন গ্রীবাদেশ বক্র করেছে—সটা সকল উচ্চ হ'রে উঠেছে—বর্ষর শব্দে বনভূমি কম্পিত হচ্চে।
মহারাজ ! শ্রসন্ধানের এই সমন্ন।

রাজা। (শর সন্ধান করিয়া) স্ত ! আর দেখতে পাই না বে ! কোথায় গেল ?

সারিথ। আশ্চর্যা!—আপনার শর-সন্ধানে ভীত হ'যে একবার সন্মুখের চরণ কুঞ্চিত ক'রে থম্কে দাঁড্রেছিল—পরে নিমেষের মধ্যেই আবার কোথায় পালাল—যেন উবে গেল!—এ কি! এ ত বড় অদুত ব্যাপার—

গীত (৮)

রাগিণী বাহার—তাল আড়া।

এ হেন বরাহ কভু না দেখি ভূপাল।
পলক পড়িতে কোথা হয় অন্তরাল।।
ক্ষণে পাশে দেখি ওরে, ক্ষণে দেখি ধার দ্রে,
ক্ষণে ক্রোধভরে ফেরে, করিতে সংহার——
আবার বিত্রাৎবেগে, কোথা চলে যায় রেগে,
বৃঝি বা পেতেছে কেহ এই নায়াভাল।।

রাজা। (দৃষ্টি করিরা) — স্ত ! ঐ দেখ, বরাহটা এ নিবিড় বন অতিক্রম ক'রে ঐ দূরস্থ সম-ভূমিতে গিয়ে উপস্থিত হ'ল।

সার্থি। মহারাজ! এ স্থানটা বেরপ উচ্চ নীচ, তাতে এস্থানে রথ কোনও মতেই চল্তো না—তা আমরা রথ বাহিরে রেখে এদে ভালই করেছি; আমাদের সঙ্গী লোক জন সব্ত এখন পশ্চাতেই থাকুক—

ঐ স্থানে গিন্নে হুষ্টের প্রাণসংহার করি।

রাজা ৷ আচ্ছা তাই চল (সবেগে পরিক্রমণ)

রাজা। হত! নিবিড়বন ছাড়্মে এই সম-ভূমিতে উপস্থিত হওয়া গেল, কিন্তু এছলে বরাহের পদচিছাও আর দেখা যাচেচ না—গেল কোথা? আন্চর্যা! (চড়ুদ্ধিকে দৃষ্টপাত করিয়া) আচ্ছা দ্রমুখবর্ত্তিনী এই অরণ্যলেখার মধ্যে খোঁজা যাক্ (নিকটে যাইয়া সানন্দে) হত! বোধ হচ্চে—আমরা তপোবনের নিকটে এসেছি—

মূলসহ এই কুশ দেখ উৎপাটত।
এ সব কুশের অগ্র কেবল থণ্ডিত।
শাধা হ'তে ভূলিরাছে কুস্থমের কলি।
তাই অর নতভাবে আছে লতাবলী।।
এই সব বৃক্ষ হ'তে বকল খুলেছে।।
ঐ দেখ তার চিহ্ন এখনও রব্বেছে !
সমিধের হেতু শাখা ক্রেছে কর্তন।
তাই ক্ষীর-মাধা-ত্যু এই ভ্রগণ।

আরও দেখ---

কদম তরুর শাথে ওকশারীগণ।
অভ্যাগতে ডাকিতেছে করিয়া যতন।।
কোমম্বতগর সহ স্থরতি পবন।
ধীরে ধীরে বহিতেছে আমোদিয়া বন।
মৃগ মৃগীগণ সবে সিংহ ব্যাত্ত সনে।
চারিদিকে চরিতেছে ভরহীন মনে।।

তা যাহো'ক যথন আশ্রমের এত নিকটে এসেছি, তথন আর বরাহ অবেষণ ক'বে আশ্রমবাসীদের শান্তিভঙ্গ করা কর্ত্তব্য নয়। স্ত । তুমি এখন্ বাও—রথের অখণ্ডলাকে বিশ্রামকরান ও জলখাওয়ান হলো কি না ? দেখ গে। আমি এখন একবার আশ্রমে প্রবিষ্ট হ'রে মুনি দিগকে প্রণাম করি। যেহেতু পূজ্য ব্যক্তির পূজা না কর্তে অকল্যাণ ঘটে।

मात्रिश। (र पाछा महाताक!

(প্রস্থান ।)

রাজা। (পরিক্রমণ করিয়া সচিস্তে₎ আহা ! তপোবনবাসীরা কি স্থেই থাকেন!

গীত (১)

রাগিণী কালে:ড়া—তাল আড়াঠেকা।
কিবা স্থ শান্তিরস-আম্পদ আশ্রমে।
সংসার-আবর্তে হেথা ভ্রমেও কেহ নাহি ভ্রমে॥
বিষয়সন্তোগে মন, নাহি মজে কদাচন,
বিচ্ছেদ্যাতনা তাহে প্রবেশে না কোন ক্রমে॥
অহস্কারের অভাবে, নিজ পর নাহি ভাবে,
সকলই আপন হয়, মনোভ্রমের উপরমে॥

(বিনরে পরিক্রমণ করিয়া—সভরে) মুনিদিগের আশ্রম ত ভরের স্থল নর, কিন্তু এথানে প্রবেশ কর্তে আমার মনে এরপ ভর হচ্ছে কেন? আমি যেন কত অপরাধ করেছি—প্রতিপদক্ষেপেই আমার হৃদর কম্পিত হচ্চে। অথবা ব্রাহ্মণদিগের তপোময় তেজ সর্ব্বপ্রকার তেজ অপেক্ষা তীব্র; সেই তীব্রতম তেজের নিকটক্ষ হ'তে বোধ হয় আমার সঙ্কোচ হচ্চে।

(नश्राक्षा (काळ्ब्रव्यत्)—

অনাথা অনপরাধা মোরা অতি দীনা।
পাইরাছি বড় ভর সহারবিহীনা॥
অকারণে মুনি করে অগ্নিতে অর্পণ।
রক্ষা কর যদি কোন থাক নহাজন।

রাজা। (গুনিরা সমন্ত্রে) ও হো হো! একি !—এ যে নিক-টেই ভয়ার্ত্ত কামিনীকুলের কাতর স্বর! এত তপোবন, এস্থলে এরূপ অস-কত ব্যাপার কেমন ক'রে ঘট্ছে;—নিকটে যাই দেখি। (নেপথাভিমুখে অঞ্চরণ)

নেপথ্যে (পুনর্কার) অনাথা অনপরাধা—ইত্যাদি পাঠ।
রাজা। (সদর্পে উচ্চষরে) অভয়—অভয়—ভয়ার্ত্তাদিগের অভয়!
কি! আমি রাজা হরিশ্চক্র—আমার রাজ্যমধ্যে ভীতা নিরপরাধা
অনাথা অবলা জাতির উপর এরপ অত্যাচার হবে ?—বে হুরাত্মা তপোবন-বিরুদ্ধ এই ঘোর নির্চুর কর্ম্মে প্রবৃত হয়েছে, আমি এখনই এই বাণে
তার মস্তক ছেদন ক'রে অঙ্গপ্রত্যঙ্গ সকল অগ্নিতে নিক্ষেপ কর্ছি!—
দেখি গে—কে সে পামর!

(প্রস্থান।)

২য় অঙ্কাংশ।

বিশ্বামিত্রের তপোবন।

বিশ্বামিত্র যোগাসনে আসীন—সম্মুখে প্রজ্বলিত হোমাগ্রি ও পূজোপকরণ এবং পার্শ্বদেশে রক্তাম্বরা ত্রাক্ষী, শুক্লাম্বরা বৈষ্ণবী ও কৃষ্ণাম্বরা শৈবী বিদ্যা দণ্ডায়মানা।

বিদ্যাত্তর। অনাথা অনপরাধা ইত্যাদি পাঠ।
বিশ্বামিত্ত । প্রজাপতি ঋষিং গারতী ছন্দঃ অগ্নিদেবতা মহাব্যাহতিহোমে বিনিয়োগঃ—ভৃঃস্বাহা।

অগ্নিতে যুতক্ষেপ।

A-200 Acc 20500 24212005



কুপিতকৌশিক।

প্রজাপতি ঋষি: উঞ্চিক্ ছলঃ বায়ুর্দেবতা মহাব্যান্থতি-

অগ্নিতে যুতকেপ।

হোমে বিনিয়োগ:—ভুব:স্বাহা

প্ৰজাপতি ঋষিঃ অমুষ্টুপ্ ছলঃ সবিতা দেবতা মহাব্যান্ধতি-

হোমে বিনিয়োগঃ—স্বঃস্বাহা

<u>ئ</u>

প্রজাপতি ঋষিঃ বৃহতী ছলঃ অগ্নিদেবতা ব্যস্ত সমস্ত মহা-

ব্যাহ্বতি হোমে বিনিযোগঃ—ভূভু বঃস্বঃস্বাহা।

3

(সিংসামে) একি ! আমি এত হোম কর্ছি, কিন্তু অগ্নি প্রচ্ছন-ভাবেই আমার আছতি গ্রহণ কর্ছে—উহার শিখা একবারও প্রাদক্ষিণ হচ্চেনা ? এর কারণ কি ?—আমার কি বিদ্যাসিদ্ধি হবে না ?

(চকু মুদিয়া সমাধিতে অবস্থান)

বিদ্যাত্তয় (রাজাকে দুরে দেখিয়া সমন্ত্রমে)

অনাথা অনপরাধা মোরা অতি দীনা। তোমার শরণাগতা সহায়বিহীনা॥ অকারণে মৃনি করে অগ্নিতে অর্পণ। রক্ষা কর রক্ষা কর এসো হে রাজন্॥

রাজা। (সহরে প্রবেশ করিয়া) অভয়—অভয় — শরণাগতাদের অভয় (সজোধে) কৈ তোমাদিগকে অগ্নিতে নিক্ষেপ কর্বে ? (বিধামিত্রের প্রতি দৃষ্ট করিয়া) এই হরাত্মা বৃঝি ? (নিকটে বাইরা) হাঁরে পামর ! হাঁরে পাপিন্ঠ ! হাঁরে ভণ্ড ! হাঁরে পামণ্ড !—তোর এই কাজ ?—তোর ত দেখ্ছি পরিধান বকল—হস্তে জপমানা—মন্তকে জটান্তার—এ সকল ত প্রশাস্তিত তপস্বীর বেশ—কিন্ধ কার্য্য দেখ্ছি পাষ্ণ্ড ও রাক্ষসের স্থার ! তুই এই অবলাগুলাকে অগ্নিতে মিক্ষেপকর্তে উদ্যুত হ্য়েছিস্ !—তোর কি স্ত্রীহত্যা-পাতকের ভয় নাই ? দাঁড়া তোর বিবরণটা আগে জানি—জেনে সমুচিত শান্তি দিচ্চি।

বিশ্বা। (সমাধিতক করিয়া অতাস্ত ক্রোধের সহিত) কে রে ছয়াত্মা—

অসামার কটু বলিস্!—আমার বিদ্যাসিদ্ধির বিশ্ব করতে এলি!

বিদ্যাত্রয় (পরশার মুখাবলোকন করিয়া সহর্ষ) বাঁচ্লেম !—বাঁচ্লেম !—বাঁচ্লেম !—নহারাজ হরিশ্চক্রের জয় !—মহারাজ হরিশ্চক্রের জয় !—মহারাজ হরিশ্চক্রের জয় !—মহারাজ হরিশ্চক্রের জয় ।

হাসিতে হাসিতে প্রস্থান।

বিশ্বা (দেখিয়া সক্রোধে বগত) কি ছরায়া হরিশ্চন্দ্র আমার বিদ্যাসিদ্ধির ব্যাঘাত কর্লে! (প্রকাশে) দাঁড়া রে ক্ষত্রিয়াধম! দাঁড়া!—
মত্যের কথা দ্রে থাক্, তুই যদি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরের মধ্যে কেউ
হতিস্—তব্—যথন বিদ্যাসিদ্ধির ব্যাঘাত ক'রে আমার ক্রোধানল
উদ্দীপ্ত করেছিস্—তথন তোকে সেই অনলে ভন্ম হ'তেই হ'ত।—
রে ছরায়ন্! ভগবান্ মহাদেব কামিনীসঙ্গমে বড় অমুরক্ত, আর
তিনি জীবের প্রতি বড় দয়াবান্—তথাপি তপস্যা ভঙ্গে ক্রোধোদীপ্ত
হ'য়ে, মদনের যে দশা করেছিলেন, তা তুই শুনেছিস্? আজি
বিশ্বামিত্রও তোর সেই দশা করে—দ্যাথ্!

রাজা। (সসন্তমে বগত) কি! ইনি ভগবান্ বিখামিতা। আর ওঁরা সকল বিদ্যা!—আমি হতভাগ্য—ওঁদের সিদ্ধিবিষয়ে ব্যাঘাত কর্লেম্!—তবে ত আমি প্রজ্ঞালিত অগ্নিকুণ্ডে কাঁপ দিয়েছি !—তবে ত আমি হরস্ত কালস্পাকে হস্তে ধারণ করেছি।

বিশ্বা। (সজোধে) রে পাপিষ্ঠ নরাধম! আমি এখন্ করি কি ? আমার এই দক্ষিণ হস্ত শাপজল গ্রহণ কর্তে ব্যগ্র হয়েছে; আর এই বাম হস্ত—যদিও অনেক দিন ত্যাগ করেছে, তথাপি—ধনুগ্রহণ কর্তে ধাবমান হচেছে! (উশান)

রাজ। (সভয়ে নিকটে বাইয়া) ভগরন্! প্রণাম করি।

বিশ্বা। রে পামর! আবার প্রণাম ? মন্তকে পদাঘাত ক'রে আবার অনুনয় ?

রাজা। (চরণে নিপতিত হইয়া) ভগবন্! কাস্ত হোন—কাস্ত

হোন। স্ত্রীলোকের আর্দ্তনাদ শুনে আমি প্রতারিত হই—তাতেই না জেনে—এরূপ করেছি—আমার অপরাধ মার্জনা করুন।

বিশ্বা। কি ?—না জেনে করেছিস্ ?—রে ক্ষ্ত্র ! তুই আমায় জানিস্না ? যে, ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ ক'রেও নিজ তপোবলে ব্রাহ্মণ হরেছে—যে, বিশিষ্ঠ মুনির এক শত পুত্রকে শাপানলে দগ্ধ করেছে—বশিষ্ঠপুত্রদের শাপে তোর বাপ ত্রিশক্ক চণ্ডাল হ'লেও যে, সেই চণ্ডালকে লয়েও যক্ত করেছে—দেবতারা ত্রিশক্ককে স্বর্গে স্থানদান না করায় যে, স্বরং স্বর্গান্তর সৃষ্টি ক'রে তথায় ত্রিশক্ককে রক্ষা করেছে—আমি সেই কৌশিক বিশ্বামিত্র—ছ্রাত্মা তুই আমায় জানিস্না ?

রাজা। (সবিনয়ে) ভগবন্! প্রসন্ন হৌন—এরপ মনে কর্বেন না।—একবার ছর্জিক উপস্থিত হ'লে আপনি ক্ষ্পার্ত্ত হ'য়ে চণ্ডালগৃহে গমন করেন—তথায় থানিকটা ক্ষ্কুরের মাংসলয়ে দেবতাদিগকে নিবেদন ক'রে যেমন ভোজন কর্তে উদ্যত হবেন—অমনি দেবরাজ ভীত হ'য়ে প্রচুর বৃষ্টি করেন—তা এরপ তেজোনিধি ও তপোনিধি ম্নিকে জগতে কেন। জানে ? আমি কেবল স্ত্রীলোকের আর্ত্তনাদে বঞ্চিত হ'য়ে এরপ করেছি। ক্ষ্ত্রিয়ের নিজ্পর্মার রক্ষাকর্তে গিয়ে যে অপরাধ হ'য়ে পড়েছে, তজ্জন্ত আপনি দয়া ক'রে আমায় ক্ষমা করুন।

विश्वा। इत्राज्यन्! वन् -वन् प्रिथ-कि তात्र निक्रधर्म ?

রাজা। ভগবন্!—দান কর রক্ষা কর আবে কর রণ।

ক্ষত্রিয়গণের এই ধর্ম্ম সনাতন ॥

বিশ্বা। কি ?—কি ?—দান কর রক্ষা কর আর কর রণ।
ক্তিয়গণের এই ধর্ম সনাতন ?॥

রাজা। আছে হা।

विश्वा ! बाष्ट्रा, वल् एन थि उटन-

কারে দান করিবেক ? কাহারে রক্ষণ ?।
কাহার সহিত কত্ত করিবেক রণ ?॥

ताका ।- ७१वान् विस्क मान, कांजरत तकन।

শক্রর সহিত ক্ষত্র করিবেক রণ॥

বিশ্বা। ছরাম্মন্! যদি সভ্য সভাই ভোর মনে এরপ বিশাস থাকে—তবে আমার বেরপ বিদ্যাও যেরপ তপস্যা, তার বোগ্য আমায় কিছু দান কর দেখি।

রাজা। (সহর্ষে কৃতাঞ্চলি হইরা) ভগবন্! আজ্ আমি বড় অফুগৃহীত হ'লেম—অথবা কেবল আমি কেন ? স্ব্যবংশ অফুগৃহীত হ'লো!
বে হেডু আপনি এই বংশীয় লোকের নিকট দানগ্রহণ কর্বেন!—কিছ—

গীত। (১০)

মালকোৰ অথবা শোহিনী—তাল আড়া।

কি দিব কি দিব তোমার ভাবিতেছি মনে।

কি ধন সমান হবে (ঋষি!) তব তপ সনে॥

স্বৰ্গ মৰ্ত্য রসাভল, তব যোগ্য কিবা বল,

সে সব ধন চঞ্চল, তুমি ধনী স্থির ধনে।

বন্ধ বিষ্ণু শিবপদ, বার কাছে হে ভুছ্পদ,

তার কি হবে সম্পদ, পেরে ভুছ্ এ ভুবনে॥

ভগাবন্! আপনকার বিদ্যা ও তপস্যার উপযুক্ত কোনও বস্তু ত দেখি না—তা আমার যা কিছু আছে—এই স্বাগরা বস্তুদ্ধরা—আপ-নাকে দান কর্বেম।

বিশ্বা। (সনিমনে, বগত) ব্যাটা কর্লে কি পো! (প্রকালে)
রাজন্! স্বস্তি। আছো তুমি সম্দর পৃথিবী আমার দান কর্লে—
আমিও গ্রহণ কর্লেম—কিন্ত দকিণাপ্ত দান ত হর না—তা আমার
কিছু দক্ষিণা দাও।

রাজা। (সলজ্ঞানে ব্রন্ত) এর উপায় কি ? (চিন্তা করিয়া প্রকাশে) ভগবন্! এ দাদের নিকট কি দক্ষিণা প্রার্থনাকরেন, আজ্ঞা করুন।

বিশ্বা । একশত স্থবৰ্ণ আমায় দক্ষিণা দাও।

ব্যক্তা। (সভয়ে খণত) রাজ্যক্ত হ'মে এক শত স্থবর্ণ কোথা পাব ? (চিস্তা করিয়া প্রকাশে) ভগবন্! তথাস্ত—তাই দেব, কিন্তু সন্তাহ ক'রে আজ হ'তে এক মাস আমায় সময় দিতে হবে।

বিশ্বা। আছা এক মাস সময় তোমায় দিলাম, কিন্তু তুমি এ পৃথিকী দান করেছ, এতে তোমার আর কোনও অধিকার নাই— স্নতরাং তুমি পৃথিকী হ'তে দক্ষিণাসংগ্রহ কর্তে পাবে না—অভ্ন কোনও স্থান হ'তে সংগ্রহকর্তে হবে।

রাজা। (সভয়ে বগত) এই বার ত বড় কিপদ! এর উপায় কি হ'বে? (বহক্ষণ চিন্তা করিয়া সহর্ষে) হ'য়েছে—উপায়হ'য়েছে—ভগবান্ মহা দেবের যে বারাণসী নগরী, সে ত পৃথিবী নয়—পৃথিবী বাস্কৃকির ফণার উপরে স্থাপিত—বারাণসী শিবের ত্রিশ্লোপরি স্থাপিত—স্থতরাং উহা পৃথিবী হ'তে বিচ্ছিয়; দেবতারা উহাকে স্বর্গপুরী বলেন—অতএব ঐ স্থান হ'তে দক্ষিণাসংগ্রহ কর্লে মুনির ত আর আপত্তি থাক্বে না (প্রকাশে) ভগবন্! আপনি যে আজ্ঞা কর্ছেন, তাই কর্ব। (আভরণ সক্ষাণাত্র হইতে থুলিয়া) ভগবন্! এই সকলে আভরণ, এই রাজমুকুট, এই বৃদ্ধ; এই সকলে অর্ত্ত, এ সমুদ্র, রাজলক্ষ্মী ও পৃথিবীর সঙ্গে আপনকার চরণে অর্পণ কর্লেম—আপনি দৃষ্টিপাত ক'রে কৃতার্থ কর্ল প্রামান করিয়া উঠিয় সহর্ষে স্থাতঃ আমি ভেবেছিলাম যে, মুনির এই জোধ আমার মন্তকে বৃদ্ধ হ'য়ে পড়্বে—কিন্তু তা না হ'য়ে সৌভাগ্যক্রমে মুনের মালা হ'লো! যাহেশ'ক এখন পৃথিবীর নিকট বিদার লওয়া উচিত।

গীতা (১১)

রাগিণী শোহিনা—তাল মধ্যমাপ।

এখন্ প্রণাম তোমায় আমি করি। (বয়করে!)
রেখো হে রেখে। হে মনে বেওনা পাসরি॥
স্থ্যবংশে রাজা যত, তোমার পালন কত,
করেছেন অবিরত, রাজদণ্ড ধরি।
আমিও শকতি মতে, তোমার মন তুষিতে,
সেবিয়াছি বিধিমতে, দিবস শর্কারী——
(আজি) ব্রাহ্মনে তোমারে দিয়া, প্রসন্ন হইল হিয়া,
অপরাধ যত মম, ক্ষম ক্ষেম্করিন।

খাহো'ক এখন একবার অধোধ্যায় গিয়ে শৈব্যা ও বংস রোহিতাখকে পাস্থনা ক'রে, বারাণসীতেই গমন করি। (প্রকাশে) ভগবন্! একণে আনায় অনুমতি করন—একবার অধোধ্যায় যাই—ধে সকল কর্ম আরন্ত করা আছে—সম্পন্ন করি—তৎপরে দক্ষিণা সংগ্রহের জন্ত চেষ্টা করি।

বিশ্ব। (সনিমনে স্বগত) উঃ! ব্যাটার সনের কি দৃঢ়তা!—
ব্যাটা সমস্ত পৃথিনীর রাজা ছিল—এখন পথের ভিথারী হ'তে হবে—
অথবা পৃথিনী ত্যাগ ক'রে খেতে হবে—তব্ত মন একবার টল্লো না!
ধ্য ধ্যে! ধ্যু মহামুভাবতা! তা যাহো'ক—আমাকে কিন্তু ব্যাটার
ক্তদ্র দৌড়—তা একবার দেখ্তে হবে। আমি—

রাজ্যন্ত করিলাম তোমারে যেমন।

শত্যপথ হ'তে ভ্রন্ত করিব তেমন ॥

যত দিন সেই কার্য্য সিদ্ধ না হইবে।

তত দিন এই ক্রোধ হৃদয়ে জ্বলিবে॥

প্রকাশে। আচ্ছা রাজন! তাই হউক।

िनकरलेत अञ्चीत ।

তৃতীয় অঙ্ক।

বারাণদীর প্রাস্তভাগন্থিত রাজপথ।

গান করিতে করিতে নন্দীর প্রবেশ।

গীত। (১২)

রাগিণী ভৈরৰ—তাল তেভালা।

জয় শিব শহুর, শম্ভু মহেশ্বর, পঞানন প্রমেশ হে।

- " বিভৃত্তি-ভূষিত, ভুজন্ধ-মণ্ডিত, কপালশোভিতশীর্ষ হে।
- " শশান্ধশেথর, নীলকণ্ঠ হর, মৃত্যুঞ্জয় গলাধর হে।
- " ব্রাদ্রাজিনাম্বর, পিনাকধমুর্ধর, রুষবরবাহন হে।
- " जिश्रत मर्कन, अक्षक नामन, मनन प्रदन कर (ह।
- " ভবাজিতারক, ভবানীনায়ক, ভক্ত-ভয়-ভয়-ভয়ন হে।
 হর হর বিখেয়র !—বম্বম্বম্বম্বয়্বয়

ভূঙ্গীর প্রবেশ।

ভূঙ্গী। कि श्री नन्ती नाना!—निर्क्तन त्राखा श्री श्री श्री श्री श्री श्री नन्ती। कि दि ज्ञी जाता!—এम এम—हा जाहे—वावाद नाम कर्त्राह्माम—जा जामात्मत जात कां कि।

ভূঙ্গী। তা বেশ!—আমিও দ্র হ'তে শুন্দেম—বড় মিটি লাগ্লো—তাই এ দিকে এলেম। নন্দী দাদা! আমাদের সেই রকম হাত ধরাধরি ক'রে নেচে নেচে বাবার নামগাওয়া অনেক দিন হয় নি—তা আজ্ একবার হো'ক্ না কেন ?

नम्मी । आमात्र जाटक जानमा नाहे। कुन्नी । जाद अस्मा।

উভয়ের হস্তধরাধরি করিয়া নৃত্য ও

গীত। (১৩)

রাগিণী পিলু—তাল পোন্ত।

বছবিধ নৃত্য।

ভূঙ্গী। নন্দী দাদা! আমাদের নাচন ত একপ্রকার হ'লো।
বাবা বিষেধরের ঘরের স্থম্থে সন্ধের পর যে নটীগুলো নাচে—ভূমি বদি
রাগ না করো—তাদের গোটা ছইকে ধরে এনে এই খানে একবার
নাচ্রে নিই। তাদের সন্ধে আমিও একবার নাচ্বো।

নন্দী। তোমার কথার তারা আস্বে কেন ?

স্থৃত্তী। ওঃ আস্বে কেন ?—গরুড়ে বেমন সাপ মুখে করে আনে, তেমনই ধরে আনি দেখ। (প্রহান এবং নর্ত্তনীমরের সহিত পুনঃ প্রবেশ)

ममीनाना । এই এনেছি—(নর্ত্তনিদিগের প্রতি) তোরা থানিক বেস্ করে নাচ্—যদি ভাল করে না নাচিস্ তবে (বিক্তাদ্যে ভর প্রদর্শন)

নর্ত্তবিষয়ের নৃত্য-শেবে ভূকীরও সেই নৃত্যে যোগদান।

নন্দী। ভূঙ্গীভাষা থাম, আর রাত্তি নাই, এথন্ আর নৃত্য কাজ নাই—এথন্ চল, আপন আপন কাজ দেখা যাগুলে।

ভূঙ্গী। (থামিয়া দর্জকীদিণের প্রতি) তবে ভোরা এথন্ ঘরে যা— নন্দীদাদা রাগ কর্ছে। তোরা বেশ নেচেছিদ্—বাবার আশীর্কাদে যেন আমাদের মত তোদের স্থন্দর বর হয়।

নৰ্ত্তকীৰয়ের হাসিতে হাসিতে প্রস্থান।

নন্দী। ভৃঙ্গীভাষা—তুমি কোথায় যাচ্ছিলে, এখন্ যাও।

ভূঙ্গী। আমি বিশ্বপত্র আন্তে যাচ্ছিলাম—তুমি দাদা কোখায় যাচ্ছিলে?

নন্দী। গত রাত্রির কথাটা বোধহর শোন নি—তা বলি শোন
—অবোধ্যার রাজা প্রমধার্মিক হরিশ্চল মৃগয়া কর্তে গিয়ে দৈবকমে বিখামিত্র মুনির বিদ্যাসিদ্ধির ব্যাঘাত করায়, মুনি বড় কোপ
করেন; রাজা মুনির কোপশান্তির জত্তে সমুদায় পৃথিবী তাঁকে দান
করেন; মুনি তাতেও সন্তুষ্ট না হ'য়ে, আবার এক শত স্কর্ণ দক্ষিণা
চান; রাজা তাও দিতে অঙ্গীকার করেন কিন্তু শীল্প দিতে পার্বেন
না ভেবে, এক মাসের মেরাদ লন্; রাজাকে কন্তু দিবার জত্তে মুনি
আবার বলেন, তুমি পৃথিবী দান করেছ—পৃথিবীতে তোমার অধিকার
নেই অন্ত স্থান হ'তে স্বর্ণসংগ্রাহ ক'রে দিতে হবে।

ज्ञी । नम्नीमामा! म्मिटक्टा छ वर्ष क्षेट्र!

নন্দী । রাজা প্রথমে বড় চিস্তিত হন্—তার পর ভাবেন আমা-দৈর বাবার এই যে বারাণদীপুরী, এ ত পৃথিবীছাড়া জান- ভাতএব এবান হ'তেই দংগ্রহ করে দিবেন। ভঙ্গী | রাজাভার বৃদ্ধিও বড় কম নয়! তার পর?

নন্দী। তার পর মুনির অনুমতি নিয়ে, রাজধানী অযোধাায় যান;
সেথানে পুরবাদী জনপদবাদী স্কৃত্ত মুক্ত দকল লোককে আহ্বান ক'রে সকল বিবরণ জানান; পরে মহিষা শৈবাা ও পুত্র বালক
রোহিতাশ্বকে সঙ্গে নিয়ে বারাণদী আস্বার জল্মে নগরী ত্যাগকরেছেন;
নগরবাদী আবাল য়দ্ধ বনিতা কাঁদ্তে কাঁদ্তে উদ্ধাসে তাঁর পশ্চাৎ
পশ্চাৎ ধাবমান হয়েছিল—তিনি কতপ্রকার সাস্থনা ক'রে তাদের
ফির্মে দিয়েছেন।

ভৃষ্ঠী। নন্দীদাদা! বাবা বিশেষর এ সকল সংবাদ জানেন ?

নন্দী। ভাষা ত্মি পাগল না কি? তাঁর অজ্ঞাত সংসারে কি কিছু আছে? কাল্ রাত্রে আমি যথন্ পদসেবা করি, তথন্ তিনি মা অন্ন পূর্ণার কাছে এই সকল কথা বল্ছিলেন। বল্বার সময়ে রাজ্ঞার নির্দোষতা ও মুনির নিষ্ঠু রতা মনে হ'য়ে বাবার ক্রোধ জ'লে উঠ্লো— ঘামে গায়ের বিভৃতিসকল কাদা হ'য়ে গেল; সাপগুলো গর্জে উঠ্লো; জটা থাড়া হ'য়ে দাঁড়ালো; ভিতরের মা গঙ্গা কল্ কল্ শব্দ আরম্ভ কর্লেন, আর কপালের অগ্নি ধক্ ধক্ ক'রে জল্তে লাগ্লো— আমি ভাব্লেম বৃঝি প্রলয়কাল উপস্থিত।

ভূক্সী । দাদা ! বাবার ত রাগ হবেই—আমারও এম্নই রাগ হচ্চে বে, এই ত্রিশূল দিরে মৃনি ব্যাটার মৃণ্টা ছিঁড়ে আনি—তার পর তার পর ?—

নন্দী। তার পর মা তাঁকে বৃক্ষে দিলেন। মুনির উপর রাগ করা তোমার উচিত নয়—অদৃষ্টে যা আছে—কর্মের ফল যা আছে—ভবিতব্য যা আছে—তার কি কিছুতে থওন হয় ? নাথ! তুমি কি বিশ্বত হ'য়ে গেলে? বিশামিত্রের বিদ্যাসিদ্ধির বিশ্ব ও হরিশ্চক্রের সত্য-

পরীকা করা এই ছইটা কাজ্ দেবতাদের অভিপ্রেভ হয়; তয়৻ধ্য
প্রথমটার জন্তে হরিশ্চক্র নিযুক্ত ও বিভীরটার জন্তে বিশামিত্র নিযুক্ত
হন্। হরিশ্চক্র দৈবশক্তির আবির্ভাবেই নিজ কার্য্য সম্পন্ন করেছেন,
এখন্ বিশামিত্র স্বকার্য্য সিদ্ধ কর্ছেন। এই কার্য্যসিদ্ধির জন্তে তাঁকে
হরিশ্চক্রের প্রতি ষেত্রপ ব্যবহার কর্তে হয়েছে, এবং পরে হবে, সে
সকল মনে কর্লে বিশামিত্রকে ত নিভান্ত পাষ্ণ্য ও নরাধ্য বিলয়া
বোধ জন্মে; কিন্তু সভ্যই কি তিনি তত নির্ভুর ও তত পাষ্ণ্য?—কখনই
না। দৈব ইচ্ছাই তাঁর ওরূপ নির্ভুর ব্যবহার কর্বার ইচ্ছার মূল।
স্বভরাং অভ্যে তাঁকে দোষে—দোব্ক—তোমাদের তাঁর প্রতি দোষ
দেওয়া উচিত নয়। হরিশ্চক্র এই পরীক্ষার উত্তীর্ণ হ'লে, যে ফল হবে,
তাও ত তোমার জানা আছে—তবে আর মিছে রাগ কর কেন ?

ভূঙ্গী ৷ তার পর ?

নন্দী। তার পর মারের কথার বাবা ভোলানাথের দৈব বৃত্তান্ত শারণ হ'লো; ঠাণ্ডা ও লজ্জিত হলেন—হ'য়ে আমাকে বল্লেন নন্দী! হরিশ্চন্দ্র কল্য প্রাতেই এখানে পৌছিবেন—তোমরাতার প্রতি দৃষ্টি রেখ। (পূর্বদিকে দৃষ্টি করিয়া) রাত্রিও প্রভাত হলো—ঐ দেখ—

গীত। (১৪)

রাগিণী ললিত—তাল আড়া ঠেকা।
কিবা অপরূপ শোভা গগনে উদিত হলো।
তরুণ অরুণ আভা, জগতে রাঙারে দিল॥
অন্তাচলে শশী চলে, আদিত্য উদয়াচলে,
কুমুণী মুদিল আঁথি, কমল স্থে হাসিল—
স্থ হংথ এ সংসারে, চক্রমত ঘোরে ফেরে,
ভাই বৃধি বৃঝাবারে, বিধি প্রভাত স্কিল॥

এখন চলো— আসরা আপন আপন কাজে যাই—(নেপথো দৃষ্টি করিয়া) ঐ দেথ মহারাজ হরিশ্চক্রও চিস্তামগ্ন হ'বে আন্তে আন্তে আস্ছেন, এখন্ চল——আমরা যাই।

নন্দী ও ভৃঙ্গীর প্রস্থান।

রাজার প্রবেশ।

রাজা | (সচিস্তভাবে পরিক্রমণ করিতে করিতে) কম্মদিন দিবারাত্রি **टেঁটে হেঁটে আজ্ বারাণদীর নিকটে উপস্থিত হলেম্।** (কাতরম্বরে) टेশব্যা--রাজমহিষী; কথনও হর্ব্যের মুথ দেথেন নি-প্রমদ উদ্যানে বিচরণ কর্তেও তাঁর পায়ে কত ব্যথা হতো!—তিনি এই পাহাড় পর্বত-ময় ছয়য় পথে—এই প্রচণ্ড রোজে—বৎস রোহিতাশ্বকে কোলে নিয়ে পারে হেঁটে আমার পশ্চাৎ পশ্চাৎ আস্ছেন। আহা ! প্রিয়তমা ছগ্ধ-ফেননিভ কোমল শ্যাতে শ্রন ক'রেও যদি একটা চাঁপা ফুলের উপর চেপে শুতেন—অক্টে বেদনাবোধ হ'তো—কিন্ত এ কদিন পথশ্ৰমে কাতর হ'য়ে--গাছের তলায়--ধ্লার উপর--হাতে মাথা রেখে--অগার্ধে নিদ্রা গেছেন্! বৎদ রোহিভাশকে কত স্থগন্ধ স্থাদ উপাদেয় মিষ্টায় সকল ভোজন কর্য়েও মনে ভৃপ্তি হতো না—এ কদিন তাকে কটুতিক্ত निদ্ধপক আর জল আহার কর্মে রাখ্তে হয়েছে। (উর্দে দৃষ্টি করিয়া) জগদীশ! সকলই তোমার ধেলা।—বৎস রোহিতাশ্বকে নিয়ে অযো-ধ্যায় থাক্বার জভ্তে প্রিয়তমাকে কত অহুরোধ কর্লেম—কত বুঝা-লেম্-কিছুতেই শুন্লেননা-প্রিয় বয়স্য বসস্তক ও বৃদ্ধ মন্ত্রী বস্তৃত্তিকে সঙ্গে নিয়ে আমার পৃশ্চাৎ বের্যে পড়্লেন। (চ্কিডভাবে) তা যাই হো'ক্—এ দিকে সময় অতীত হ'লো—আজ্ এক মাস পূর্ণ হবে। যে-কোনও রূপে হো'ক্—স্তারক্ষা কর্তেই হবে। মুনি যেরূপ কোপন-স্বভাব, তাতে ক্ষমা পাবার সম্ভাবনা নেই। এ ব্রহ্মস্ব পরিশোধ না ক'রে প্রাণত্যাগ কর্লেও ত মঙ্গল নেই।—এখন্ কি করি!—দক্ষিণাসংগ্রহ কর্-বার কোনও ত উপায় দেখ্ছি না—সকল দিক্ শৃত্ত বোধ হচ্চে। (অগ্রভাগে

দৃটি করিয়া নহর্ষে) এইউ সম্মুখে কাশীপ্রী! (ইতাঞ্জনি) ভগবতি বারাণিসি! তোষায় প্রণাম করি। (নগরীর প্রতি কিয়ৎকণ ছিয়ভাবে দৃষ্টকিরিয়া)—

কত জপ কত তপ সন্ন্যাস আশ্রম।
প্রাণান্ত্রাম চিন্তরোধ ধ্যান শম দম ॥
এ সব আশ্রমকরি বোগী ক্ষবি গণ।
মুক্তিহেতু কতকাল করেন সাধন ॥
হেন মুক্তি এইপুরে অনান্তাসে হয়।
শিল্পরে বসেন শিব মৃত্যুর সময়॥
কর্ণমূলে দেন মন্ত্র সংসার-তারক।
ত'রে বায় পাপী সব না দেখে নরক॥

ভগবাৰ্ বিবেশ্বর মা অন্নপূর্ণার সহিত নিম্নত কাল এই স্থলে বাস করেন;
আর প্রতিদিন কোটি কোটি পাপীকে সংসারবন্ধ হ'তে মুক্ত ক'রে দেন।
এ পাপীও তাঁদের শরণাপন্ন হ'লো—দন্ধা ক'রে একে ব্রাহ্মণের সত্যবন্ধ
হ'তে—মুক্ত কর্বেন না কি ? (চিন্তা করিয়া) কি করি!—

কুবেরেরে জন্মকরি আনিব কি ধন ?
ধন্নক ধরিবে কেন রাজ্যহীন জন ॥
ভিক্ষা করি দক্ষিণা কি করিব সঞ্চয় ?
ভ্রাক্ষণের ভিক্ষার্ত্তি ক্ষত্রিরের ত নয় ॥
বাণিজ্য করিলে হয় ধন-উপার্জ্জন ।
কিরপে বাণিজ্য হবে নাই মূলধন ॥
কেমনে কোধার সিয়া এত ধন পাই ?
ভ্র দিকে অপেক্ষাকাল এক দিন (৩) নাই ॥

হতভাগার অদৃত্তে কি আছে কিছুই বৃষ্তে পার্ছি না। (চিতা করিয়া সবিজ্ঞক) স্থা খাল আন নিজ পরীর এই ভিনটী বন্ত দানাবলিট;—এই ভিনটী মাজ আমাস অধিকারে আছে—কিন্তু এই ভিনটীর কোনওটীর বাহা আমার কার্যাসিদ্ধি কিরপে হ'বে, তার ত কিছুই বৃষ্তে পার্ছি না—বেরপেই হোক্, নৃত্যরক্ষা কর্বোই—সত্যত্রন্ত হ'রে ইহলোক পরলোক নত্ত কর্বো না। (বক্রণে) দীর্ঘপথশ্রমে ক্লান্তা দেবী রোহিতাশ্বকে নিয়ে এখনও পৌছিতে পারেন নি। আমিও ত আর এখানে অপেক্ষা কর্তে পারি নে; নগরমধ্যে গিয়ে কার্য্যানিদ্ধির উপার . দেখি। (দৃষ্টি করিয়া) বেলাও প্রায় মধ্যাক্ত হ'য়ে উঠ্লো—

প্রচণ্ড তপন তীক্ষ তাপ করে দান।
বিশামিত্র মুনি যেন ক্রোধনেত্রে চান॥
রবি-করে পথ তপ্ত হয়েছে তেমন।
শোকানলে মোর মন তেতেছে যেমন॥
ক্ষীণদশা ছায়া মোর মহিধীর সনে।
তক্তর তলেতে বসে বিধিবিভ্রবনে॥

এখন্ দেখ্ছি—সময়ের শেষ উপস্থিত হ'লো—অথবা হরিশ্চন্তেরই
শেষ উপস্থিত হ'লো।—হা হতভাগা! তোর কি দশা হ'লো? (উন্নতের
ভায় ভূমিতে উপনেশন) ছরাত্মন্ পাপিষ্ঠ হরিশ্চন্ত্র! ভূই ব্রাক্ষণের প্রতিশ্রুত
দক্ষিণা না দিয়ে ব্রহ্মস্থ-দগ্ধ হলি!—আর সত্যন্ত্রই হলি!—ভূই এখন্ কোথায় যাবি ? কোন্ লোকে তোর গতি হবে ? কোন নরকেও যে
তোর স্থান হবে না রে! হায় হায়—কি হলো রে—কি হলো!—
(মৃছ্ণি ও পতন।)

বিশ্বামিত্তের প্রবেশ।

বিশ্বা। (পরিক্রমণ করিতে করিতে) হরিশ্চন্ত্র আর ক্ষণকাল না এলেই বিদ্যাসিদ্ধি হয়েছিল; ছরাত্মা কি বিদ্যাই করেছে!—এখন্ এত অফুন্ নয় বিনয় কর্ছে—কিন্তু এ রাগ কোনওরপেই থাম্ছে না—মনে হলেই বুক পুড়ে উঠ্ছে। ছরাত্মা বারাণসী এসে দক্ষিণাসংগ্রহ কর্বে, বলে-ছিল—দেখা যাক্—ব্যাচা এলো কি না ? আর কেমন ক'রে সত্যরক্ষা করে—ছরাত্মন!— রাজ্যভ্রষ্ট করিয়াছি তোমারে যেমন।
সত্যপথ হ'তে ভ্রষ্ট করিব তেমন॥
যতদিন সেই কার্য্য সিদ্ধ না হইবে।
ততদিন এই অগ্নি হৃদয়ে জ্বলিবে॥

(রাজাকে দেখিরা দবিদ্ররে) এই যে ছ্রাত্মা এসে উপস্থিত ! অথবা ব্যাটা ছ্রাত্মা নয়—মহাত্মাই। যাহো'ক্ আমাকে কিন্তু দাদ্ তুল্তেই হবে। (নিকটে যাইয়া) একি ! ব্যাটা এমন হ'য়ে প'ড়ে কেন ?—মৃহ্ছা হয়েছে বৃঝি ?— তা হোক্, গায়ে বিষ্ঠা মাখ্লে যমে ছাড়ে না—আমি ছাড়্বার পাত্র নই (পদাঘাত) রে পাপিষ্ঠ ! এখনও দক্ষিণাস্থবর্ণ সংগ্রহ হ'লো না ?

রাজা। ^{(চৈতন্য পাইরা সমন্তমে উঠিয়া}) এ কি ? ভগবান্ কৌশিক ! ভগবন্! প্রণাম করি

বিশ্বা। ধিক্ পাপিষ্ঠ ! এখনও মধুময় মিথাা কথা ব'লে আমায় প্রতারণা কর্ছিস ?


রাজা। (কৰ্ষয় ঢাকিয়া) ভগবন্! ক্ষান্ত হোন্-ক্ষান্ত হোন্।

বিশ্বা। (সজেবে)ধিক অনার্যা! সময় পূর্ণ হ'লো—তথাপি দক্ষিণা দিচিস্ না—কেবল শুক্ষ মিষ্ট কথায় ভূল্যে রাথ্বার চেষ্টা কর্ছিস্— দাঁড়া—আর আমি ক্রোধ সম্বরণকর্তে পারি না—এই শাপানলে তোরে ভক্ষ করি। (শাপজলগ্রহণ)

রাজা। (সসজ্জনে চরণে পতিত হইয়া) ভগবন্! প্রসন্ন হোন্—ক্ষান্ত হোন্—ক্ষান্ত হোন্—ক্ষান্ত হোন্— আজ্ স্থ্য অন্ত হবার পূর্বে যদি আপনি দক্ষিণা না পান—তথন্—চাই শাপ দেন—চাই বধ করেন—যা আপনার ইচ্ছা, তাই কর্বেন। এখন ক্ষান্ত হোন্—নগরমধ্যে চলুন।

বিশ্বা। (শাপজন ফেনিয়া) আচ্ছা—চল্—সেই খানে গিয়াই দে।
স্কামিও মাধ্যাহ্নিক স্নান ক'রে আস্ছি।

(প্রস্থান।)



খাণ বিষম জঞ্চাল।

ঋণেতে আবদ্ধ হ'লে নষ্ট ইহ-পরকাল।।
কাছে আদে মহাজন, চমকিয়া উঠে মন,
শোণিত শুখায় দেখে, সে মুখ করাল—
সংসারেতে স্থুখ তার, মহাজন নাই যার,
খাদকের মোর মত পোড়ান কপাল।।

(পরিক্রমণ করিতে করিতে সন্মুথে দৃষ্টি করিয়া)

এত দেখ্চি বাজার (চতুর্দিক্ নিরীক্ষণ করিয়া) এখানে ত দেখ্ছি কত লোকে—কতরূপ দ্রব্য বিক্রেয়কর্চে; কত দ্রব্যের পরিবর্ত্তে কত অর্থ পাচে। এ দিকে দেখ্চি রাশিরাশি পণ্য সাজান রয়েছে; ঐ সব নেবার জয়ে কত লোকে অর্থহন্তে দাঁড়্রে আছে। কেউ বা দ্রব্য কিনে ঝন্ ঝন্ শব্দে মুদ্রা গণেদিচেচ (চিন্তা করিয়া) হায় আমার এমন্ কিছুই নেই যা বিক্রেয়ক'রে কিছু অর্থ পাই। (সবিতর্কে) পদ্মী পুত্র ও নিজদেহ এই তিন-টাতে ত আমার অধিকার আছে—(চিন্তা করিয়া) তবে বেশ পরামর্শ হয়েছে—নিজ্ঞ নারীরই বিক্রেয় ক'রে অর্থসংগ্রহ কর্বো—সত্য রক্ষাকর্বো—বেশ হয়েছে—বেশ হয়েছে!!—(পশ্চাতে দৃষ্টি করিয়া) দেবী এখনও আন্সেন নি—তিনি এলে অনেক বিদ্ন ঘট্বে—এই বেলা সম্বরে কার্য্য সিদ্ধি

শুন শুন সাধুগণ, সাধিবারে প্রয়োজন, নিজ দেহ করিব বিক্রয়। শত স্বর্ণ মূল্য দেও, এই দেহ কিনে নেও, যার ইথে প্রয়োজন হয়।। নেপথের। কি হে!—শরীর বিক্রয়!—এ দারণ কর্ম তুমি কেন কর্ছ ?

রাজা। তাই! তোমার সেকথার কাজ্ কি ? সংসার বিচিত্র স্থান!
(অফ দিকে যাইয়া) শুন শুন সাধুগণ (ইড্যাদি পাঠ)

নেপথ্যে। তোমার কিরপ ক্ষমতা আছে হে ? কি কর্ম জান ? কি কর্ম কর্তে পার ?

রাজা। (ঈবং হাসিয়া) প্রভূ যা **আ**জা কর্বেন—প্রভূর আজা পালন করাই ভূত্যের পরম ধর্ম।

নেপথে । তুমি দাম্টা বড় চড়া বলেছ—অত দাম দেওয়া যার না—কিছু কম্বে জম্বে ফের্ বল।

রাজা। (সংৰদে) সাধুগণ! আমরা ক্ষপ্রিয়—বার বার বল্তে জানি না—তা তোমরা যাও। (পুনর্কার অপর দিকে) শুন শুন সাধুগণ! ইত্যাদি পাঠ।

নেপথ্যে। আর্য্যপ্ত ! কর কি ? কর কি ? আমি যাচিচ।
রাজা। (সকাতর্যো) দেবী উপস্থিত যে !—তবে ত আর মনোরথ
সিদ্ধ হয় না !

বালকের হস্ত ধরিয়া শৈব্যার প্রবেশ।

কৈব্যা। (সসভ্তমে) আর্য্যপুত্র! কর কি ? কর কি ? আমি এসেছি।

রীজা। (সকাতর্যা) প্রিয়ে! আর কিছুক্ষণ পরে এলেই ভাল হ'তো।

শৈব্যা । (রোদন সম্বরণ করিয়া) কেন নাথ !—আমি কি ক্ষজ্রিয়-কল্পা নই ?—আমি কি তোমার মহিষী নই ? সত্যরক্ষার কি ফল— তা আমি কি জানি না ? আমি তোমার মুখেই শত শত বার শুনেছি বে, এক হাজার অশ্বমেধ যজ্ঞের ফল একদিকে দিয়ে, আর একটী সত্য-কথার ফল অস্ত দিকে দিয়ে, যদি দাঁড়ি পালার ওজন করা যায়—তা হ'লে, হাজার অশ্বমেধ যজ্ঞের ফল অপেকা এক সত্যকথার ফল বেশী ভারী হয়। তা নাথ! যে কোনও প্রকারে হো'ক সত্যরক্ষা অবশাই কর্তে হবে; তা আমি জানি; কিন্তু আমি বলি—বলি—আমার ত পুক্ত হ'রেছে—তাআমায়—(অধাম্থে রোদন)

রাজা। (অধীরভাবে) প্রিয়ে! থাম্লে কেন ? কি বল্ছিলে বল— বল—(বক্ষে করাঘাত) হরিশ্চক্রের এ হৃদয় পাষাপময়—এ সকলই সইতে পার্বে।

শৈব্যা। ^(রোদনসম্বরণ করিয়া) সাধু লোকে পুত্রের জন্মেই বিবাহ করে—আমার পুত্র হয়েছে—তা নাথ! জামায় বিক্রন্ন করে তুমি ঋষির ঋণ হ'তে মুক্ত হও।

রাজা। (অত্যন্ত অধৈর্যো) প্রিয়ে ! কি বল্লে ? তোমায় বিক্রম্ন করে ধনসংগ্রহ কর্বো ? প্রেয়সি ! তুমি এ কথা কেমন ক'রে মুখ দিলের বাহির কর্লে ? হদয় ! তুমি এ কথা শুনে কিরুপে স্থির হয়ে রৈলে ?— হা প্রিয়তমে !— (মুছ্ণিও পতন)

শৈব্যা। (সমন্তমে) ওমা কি হ'লো। ওমা কি হ'লো। ওমা কি হবে। (নিকটে যাইয়া অলে করম্পর্শ করিরা) ওমা শরীর যে একবারে নিম্পান্দ—চক্ষুর পলক পড়ছে না। এ কি ?—এ কি মৃচ্ছা ?—নিকটে জল নেই যে, একটু মুখে দেব।

বালক | (বিজ্ঞান্থে) মা আমি জল আন্বো ?
লৈব্যা | বাছ!—নোণার সোপাল! পাও ত—দেখ বাবা!
(বালকের প্রসান)

শৈব্যা । একটু বাতাস করি—যদি তাতে চৈততা হয় (অঞ্লের দারা বীজন করিতে করিতে সম্নোদনে) প্রাাণনাঞ ! প্রাণেশ্বর ! প্রাণেশ্বর ছ তুমি কি হ'বে পড়েছ ?—তোমার এ অবস্থা দেখে আমার প্রাণ বে ফেটে যায়!—হায় মহারাজ! তুমি সসাগরা পৃথিবীর অধীশ্বর হ'বের, কিরূপে শুরেছ? তুমি অগুরুচন্দনে শরীর লিপ্ত ক'রে হুধের ফেণার মত কোমল শ্যায় শয়ন কর্তে—কিঙ্করীরা হুদিক্ হ'তে চামর চুলাত, তবে তোমার নিদ্রা হ'তো,—মহারাজ! এই রোদ্রে—এই পথের মাঝে—এই ধ্লার উপরে—তোমার এরপে যুমান কি শোভা পায় ?—হায়! এতটা বেলা হয়েছে—কিছু ভোজন করা দূরে থাক্—মুথে একটু জলও দেওনি—মুথ শুথ্রে গেছে—চক্ষু কোটরে ঢুকেছে—দাঁত বাহির হ'য়ে পড়েছে!—হায় প্রাণেশ্বর! তোমার এ অবস্থা দেখেও আমি বেঁচে রয়েছি ?—য়ঁ্যা—য়ঁ্যা—য়ঁ্যা। (মৃচ্ছাও পতন)

বালকের প্রবেশ।

বাল ৷ মা জল কোথাও পেলেম না—মা আমায় বড় রোদ্ লেগেছে—আমায় থাবার দে—আমার বড় ফিলে পেয়েছে ৷—বাবা ! আমি জল থাবো—আমার বড় তেঙা পেয়েছে—এই দেখো—না (জিল্লা প্রদর্শন) জিব শুধ্য়ে গেছে ৷—বাঃ! কেউ কথা কন্ না! (নিকটে মাইয় বাঃ! ওঁরা ছজনে মুম্য়ে আছেন—আর আমার কিলে পেয়েছে! (রোদন)

বিশ্বামিত্তের প্রবেশ।

বিশ্বা। এই যে ছটোতে মৃচ্ছিত হ'য়ে পড়ে জাছে। (কমগুল্ জনদেক—শীতনজনম্পর্ণে উভয়ের সংজ্ঞালাভ এবং উঠিয়া উপবেশন)

বিশ্বা। ছরাঅন্ হরিশ্চক্র ! এখনও তুই দক্ষিণা দিলি না ?
সত্যভ্রত্ত হ'রে যে নরকগামী হবি, সে চিন্তা কর্লি না ?—আর বেলা
দেড় প্রহর আছে—এর মধ্যে যদি না দিস্—তবে স্থ্য অন্ত হলেই
নিশ্চরই তোরে শাপানলে দগ্ধ কর্বো। এখন্ আমি যাই, আমার
সন্ধ্যাক্ষিক কিছু বাকী আছে—শেষ ক'রে আসি প্রহান)

त्रीका । (तीर्घ नियान- ७ अत्यामूर्थ अवज्ञान)

শৈব্যা। জীবিতেখন! তুমি এত চিন্তা কর্ছ কেন ?—আমি

যা বলৈছি—তাই কর।—ইহকালের স্থা দিন কল্ড বৈ নম—আমাদের
ভাগ্যে যত দিন সে স্থা ভোগ কর্বার ছিল, তা হ'লে গেছে—(সরোদনে)
তা ফ্র্নের গেছে,—এখন্ পরকালের অনস্ত স্থাথ যাতে না কাঁচা পড়ে,
তার চেষ্টা দেখ। নাথ! তুমি যে সত্যভ্রষ্ট হ'য়ে নরকগামী হবে,
আমার প্রাণে তা সবে না।

রাজা। (সংরাদনে) প্রেরসি! যা বল্ছ সকলি সভ্য, কিন্তু
যে কথা মুথ দিয়ে বা'র কর্তেই বুক বিদীর্ণ হ'য়ে যায়—সে কাজ্
আমি কি রূপে কর্বো ? হা হা হা ! আমি কি হতভাগা! আমায়
ত্রীবিক্রের ক'রে ধন উপার্জন কর্তে হ'লো! ধিক্ ধিক্!—আমায়
ধিক্!—হা দৈব! তুমি হরিশ্চন্ত্রের কপালে এতই ছঃখ লিথেছিলে!

শৈব্যা। (কাতরখরে) মহারাজ! অত কাতর হ'য়ো না—
আমি সকল হংথ সৈতে পারি—তোমার কাতর মুথ দেথ্তে পারিনে—
দেথ্লে আমার বুক্ ফেটে যায়।—কি কর্বে ?—আর কোনও উপায়
নেই। কিঞ্চিৎ ঐহিক ক্লেশের জন্তে পরকাল নষ্ট ক'রো না। আমার
অক্মতি দেও—আমি কা'রো দাসী হইগে। যদি ঈশ্বর থাকেন—যদি
ধর্ম ধাকেন—তবে এই সত্যরক্ষার ফল অবশাই ফল্বে। ইহকাল ত
গেল—পরকালে আবার যেন তোমাকে পাই—এবং এমনরূপে পাই যে,
আর কথনও ছাড়া ছাড়ি না হয়।

রাজা। (কাতরবরে) প্রিয়ে! বৃঝ্লাম পদ্ধীর মত মান্থবের বিপংকালের বন্ধু সংসারে আর কেউ নেই। তুমি পতিব্রতা সাধনী—তোমার কথনও বিপদ্ ঘট্বে না—তুমি বৃদ্ধিমতী—বা ভাল বোঝ, তাই কর—আমার এখন বৃদ্ধিত্রংশ হয়েছে—আমার আর কিছু জিজ্ঞাসাক'রো না—হা নিষ্ঠুর—পাপিষ্ঠ—নরাধ্য—হরিশ্চক্র! তোর অসাধ্য কর্ম কিছুই নেই। (রোদন ও একান্তে অবস্থান।)

শৈব্যা। নাথ! তোমার আজ্ঞা পেলেম্—এখন আমি কর্ত্ব্য কর্ম করি। (মন্তবে ভূগ দিয়া কাতরবরে) সাধুগণ! মূল্য দিয়ে এই নিয়ম-দাসীকে কিনে নেও।

নেপথের। তুমি নিরমদাসী হবে ? তোমার নিরম কিরপ গো? শৈব্যা। নিরম এই বে, পর-প্রুষের উপাসনা কর্বো না— আর পথের উচ্ছিষ্ট থাব না—তা ছাড়া যা বল্বেন, তাই কর্বো।

নেপথ্য। এরপ কট্কেনায় তোমায় কে নেবে?

শৈব্যা। তুমি না নেও—কোনও দীনদরালু আহ্মণ থাক্তে পারেন—বাঁর আমায় প্রয়োজন হবে।

ছাত্রসহ ভট্টাচার্য্যের প্রবেশ।

ভট্টা। (খগত) আমি বৃদ্ধ—আমার ভার্য্যা যুবতী; কথায় বলে "বৃদ্ধস্য যুবতী ভার্য্যা প্রাণেভ্যোপি গরীয়সী" তা ঠিক্ কথা। তাঁর মনস্কৃষ্টির জন্তে আমায় কি না কর্তে হচ্চে।—

গীত। (১৬)

রাগিণী খাস্বাজ—তাল কওয়ালী।

কত হথের ব্রাহ্মণী তা বলিব কি আর।

র্ক্ষের যুবতী তিনি মণি যেন এই মাথার ॥

তাঁর মন তুষিবারে, থেদারেছি বুড়ো মা রে,
ভগ্নী ভাগ্নে ছিল যত, সব করেছি বাড়ীর বা'র।
ভাই ভাইপো ফাক্না মরে, দিরেছি সব ভিন্ন করে,
দেখা হলে কই না কথা, পাছে বাড়ে রাগ তাঁহার।
শালা খণ্ডর কর্তা ঘরে, কত লোকে নিন্দা করে,
তিনি যদি তুই থাকেন, ব'য়ে গেল তায় আমার॥
সংসারটা ভিন্ন হওরায় বড় লোকাভাব হয়েছ—গৃহকর্দ্ম করার

বড় কই। জল আনা—পাট্ ঝাট্ করা—এ সকলত আর ব্রাক্ষণীকে কর্তে দিতে পারি না—জল কাদা লেগে পায়ের যে আল্তা উঠে যাবে;—কালী লাগ্বে—হলুদ লাগ্বে, এই ভদ্নে রাঁখ্তে থেতে পারেন না—আর ঘরে গোবর টোবর দেওয়ার ত কথাই নাই—তাতে যে হাতে গন্ধ হবে!—স্তরাং এ সকল কাজ্ এই বুড়ো বয়েসে আমাকেই প্রায় কর্তে হয়—একটা দাসী যদি পাই—তা হলে বাঁচি। (একাশে) বৎস কৌণ্ডিয়া! সত্যই কি বাজারে দাসীবিক্রেয় হচে ?

চাত্র। আত্তে আপনার কাছে আমি কি মিথ্যা বলি ?

ভট্টা তবে চল, দেখা যাক্গে (পরিক্রমণ)

ছাত্ত। উপাধ্যার! এই স্থানটার লোকের বড় ভিড়—বোধ হচ্চে এইখানেই হবে। (নিকটে বাইয়া) সর—সর—সর—বেতামরা সর।

কৈনেও। (কাতরবরে) সাধুগণ! মূল্য দিয়ে এই নিয়মদাসীকে

বালক। আমাকেও কিনো।

ভট্টা। (দেখিয়া সবিক্ষয়ে) এই সে ?—ভদ্রে! তোমার নিয়ম কিরূপ ?

শৈব্যা। পর-পুরুষের উপাসনা কর্বো না, পরের উচ্ছিষ্ট থাব না--তা ছাড়া সকল কর্ম কর্বো।

বালক। আমিও।

ভট্টা। (আহ্লাদে) তোমার বেশ নিষম; তা চল—এই নিয়মেই ত্মি আমার গৃহে থাক্বে—তোমার বালকটাও সেইখানেই থাক্বে—আমার বাল্কী গৃহকর্ম কর্তে পারেন না, তোমরা তাঁর সহায়ভা কর্বে—তোমাদের উভয়ের মূল্য এই স্থবর্ণ লও।

[শ্ব্যা । (সহর্ষ) যে আজ্ঞা—বাঁচ্লেম !

ভট্ট।। (বহকণ দৃষ্টি করিয়া সবিমারে স্বগত)—

মস্তকে লোমটা, মুথ বিনত লজ্জায়।
পদ ভিন্ন অন্তদিকে দৃষ্টি নাহি যায়॥
ধীর গতি স্থমধুর পরিমিত কথা।
উচ্চকুলে জন্ম এর নাহিক অন্তথা॥

তা এরপ আকৃতির এমন অবস্থা হওয়া উচিত নয়——কেন এমন হলো ?
জিজ্ঞাসা করি (প্রকাশে) অয়ি ভডে ! তোমার স্বামী বেঁচে আছেন ?
শৈবনা ৷ (শিরশালনে উত্তর দান)

রাজা। (দীর্ঘ নিশাস ত্যাগকরিয়া আত্মগত) কিরূপে বেঁচে আছে ? বে বেঁচে থাকে, তার স্ত্রীর কি এইরূপ হুর্দশা হয় ? (অঞ্লোচন)

ভট্টা | তিনি নিকটে আছেন কি ? শৈব্যা | স্কলনমনে রাজার প্রতি দৃষ্টি)

ভট্টা (বগত) ইনিই এর স্বামী! (বহকণ দৃষ্টি করিয়া সবিস্থয়ে)

একি ! স্বাদি বিশ্ব সমান স্কন্ধ পজেন্দ্ৰ-গমন।
আজাম্লম্বিত বাছ আয়ত লোচন ॥
বিশাল বক্ষের পাটা স্থালীর শরীর।
পৃথিবী পালনে ক্ষম এই মহাবীর ॥
মুকুটের স্থান যাহা তৃণ সেই স্থানে।
হা বিধি! তোমার লীলা কোন জন জানে॥

(নিকটে বাইয়া) মহাত্মন্! তোমার ত্ঃথের কথা শুন্তে আমার বড়ই লালসা হয়েছে—বল দেখি শুনি, তুমি কি জয়ে এ কাজ কর্ছ ?

রাজা। (চিন্তা করিয়া আত্মগত) এ সাধুর কথার অভ্যথা করা উচিত
ভন্ননা (প্রকাশে) আর্যা! বিস্তরে বল্বার স্থান ও সময় নয়—স্ক্রেপে
বলি শুহুন—ত্রাহ্মণের দক্ষিণা ধারি, সেই জভ্যেই এরপ কর্ছি—আপনি
অমুগ্রহ ক'রে এর অধিক শোন্বার জত্তে আর আমায় জেদ কর্বেন না।

ভটা। তবে আমার এই ধন তুমি প্রতিগ্রহ কর !

রাজা। (কর্ণে হস্ত দিয়া) ঠাকুর! ক্ষমা করুন-প্রতিপ্রহর্তি ব্রাহ্মণের—আমাদের নয়। তা যদি আপনি আমাকে দয়ার পাত বোধ করেন—তা হ'লে আমার মূল্যদম্বন্ধে দিতে পারেন।

শৈব্যা। (সসম্রনে কৃতাঞ্চলি হইয়া সবিনয়ে) ঠাকুর! আপনি আমায় আগে কিনেছেন—আমায় ত্যাগ করা আপনার উচিত নয়—আমায় অমুগ্রহ কর্তেই হবে—আমি আপনার শরণাগতা।

ভট্টা । ভতে ! আমি এই যে পঞ্চাশ স্থবর্ণ দিচ্চি—এ তোমা-দের ছজনেরই হ'লো—তোমরা আপনারা বিবেচনা ক'রে, যা কর্ত্তব্য হয় কর (খনদান)

শৈব্যা। (এহণ করিয়া সহর্চে) এখন্ আর্য্যপুত্রের প্রতিজ্ঞাভার অর্দ্ধেক খালাস্হ'লো—আমিও কৃতার্থা হ'লেম্।

ভট্টা। (বগত) আর এদের কাতরতা দেখ্তে পারি না—যাই— (প্রস্থানের উপক্রম)

শৈব্যা। (কৃতাঞ্জলি ইইয়া সরোদনে) ঠাকুর! ক্ষণকাল আপনি আপেক্ষা করুন্। আমি আর্য্যপুত্রকে জন্মের মত—একবার ভাল ক'রে দেখে নিই।

ভট্টা। এই কৌণ্ডিন্ত রৈল।

(প্ৰস্থান)

শৈব্যা 1 (রাজার বস্ত্রাঞ্চলে ধন বাঁধিরা দিয়া ক্তাঞ্ললি) আর্য্যপুত্র ! এই ছিজবরের দাস্যকর্ম্মে নিযুক্ত হ'তে আমায় অহুমতি দেন্ ?

রাজা। (বিজ্বতাসহ) বিধাতাই অন্ত্রমতি দিরেছেন (চক্র্রেজ্যার আত্মগত) দথা বিধি! রাজমহিবীকে পরগৃহের পরিচারিকা কর্তিট্র মাথার মণি—পায়ের অলকার হ'লো?—ভগবন্ স্থাদেব! আজ্তে

মার বংশের কুলবধূ বাজারে বিক্রীত হ'লো!—এ লজ্জার তোমার মুখও অবশ্য মলিন হবে (শোকসম্বরণ করিয়া প্রকাশে) প্রিয়ে!—

ভক্তিভাবে দ্বিজবরে যতনে সেবিবে।
মান্ধের মতন এঁর পত্নীরে দেখিবে॥
অবহেলা করিবে না আপনার প্রাণে।
রাখিবে সদাই দৃষ্টি শিশুটীর পানে॥
তার পর দগ্ধ বিধি যাহা করাইবে।
তাহাই করিবে কার সাধ্য নিবারিবে॥

কৈব্যা। যে আজ্ঞা— (নির্গত হইতে উদ্যত ইইয়া রাজার প্রতি দৃষ্টিপাত করত কাতরতা প্রকাশ)

ছাতা। (সজোধে) মাগী শীঘ্র আয়্না ? উপাধ্যায় অনেক দ্র গেলেন যে!

কৈব্যা। (প্রবিন্যে) ক্ষণকাল অপেক্ষা করুন্—আর একবার আর্য্যপুত্রকে ভাল ক'রে দেখে নিই।

রাজা। (ধৈর্যাবলম্ব করিয়া) প্রিয়ে ! আর নয়—ক্ষান্ত হও—ব্রা ক্ষণ কন্তু পান।

শৈব্যা | (রাজার প্রতি সজল দৃষ্টিপাত করিতে করিতে শনৈ: শনৈ: পরিক্রমণ)

वालक। वावा! ना काथांत्र वाटक ?

রাজা। (সংখদে) যে থানে বিধাতা পাঠাচ্চেন।

বালক । অরে বেটা ছষ্ট বামণ! তুই আমার মাকে কোথা নি যাচিচস ? (ব্রাহ্মণের পৃষ্ঠে হস্তক্ষেপ ও মাতার অঞ্চল ধারণ)

ছাত্ৰ। (সক্ৰোধে) আৱে ম'লো গৰ্ভদাস! (পদাবাতে বালককে মিতে পাতন)

বালক ৷ (অধর ফুলাইয়া রোদন এবং পিতা মাতার দিকে সজল দৃষ্টিপাত)

রাজা। ঠাকুর! বালকের অপরাধ নেয় না—তা অমন কর্বেন না (প্রকে তুলিয়া আলিঙ্গন ও মুধচুম্বন করিয়া সশোকে) বৎস! অভিমানে ঠোঁট ফুল্রে এ পাপিষ্ঠ নির্দ্ধিয়ের মুধের দিকে র্থা তাকাচ্চো—পত্নীপুত্রবিক্রেয়ী এ চণ্ডালকে ছেড়ে মায়েরই সঙ্গে যাও।

শৈব্যা | আর্য্যপুত্র ! এ মন্দভাগিনীর জন্তে অত শোক ক'রে— ঋষির কার্য্যধ্বংস কর্বেন না—(বালকের হন্ত ধরিয়া রাজার প্রতি সকরুণ দৃষ্টি পাত করিতে করিতে শনৈঃ শনৈঃ প্রস্থান)

বালক ৷ ^(সরোদনে) বাবা! ও বাবা! বাবা গো! আমার কাথা নিয়ে যায়—(বলিতে বলিতে প্রধান)

রাজা। ^(নির্গমনোমুখ পত্নী পুত্রের প্রতি অনিমির দৃষ্টিপাত করিতে করিতে)
য়ঁটা সব গেল! (মৃচ্ছণিও পতন)

বিশ্বামিত্রের প্রবেশ।

বিশ্বা। বেটা আবার যে মৃচ্ছিত হ'য়ে পড়েছে! (কমওলু: জলদেক)

রাজা। (উঠিয়া উপবেশন)

বিশ্বা ৷ (দক্রোধে) এখনও আমার দক্ষিণাস্থবর্ণ সংগ্রহ হয়নাই ?

রাজা। (সমস্থমে উঠিয়া) ভগবন্! আপাততঃ এই অর্জেক গ্রহণ করুন।

বিশ্বা। (সজোধ) আঃ——এথনও অর্কেক ?—আমি অর্কেক লব না—যদি প্রতিশ্রুত দক্ষিণা অবশ্যদেয় বোধ করিস্, তবে সমুদ্য একেবারে দে।

নেপথে । ধিক্ তপ—ধিক্ ব্রত—ধিক্ তব জ্ঞানে।
ধিক্ বেদ্-অধ্যয়ন—ধিক্ তব মানে॥
এ হেন ধার্ম্মিক হরিশ্চক্র নূরপতি।
এতেক হুর্গতি তার ক্রিলি হুর্মাতি ?॥

বিশ্বা। (সকোধে) কে রে ত্রাত্মগণ! আমাকে ধিক্ বলিন্ ? উর্দ্ধে দৃষ্টি করিয়া) ওঃ—-বিমানচারী বিশেদেবেরা! (সজোধে) তোদের বড় অহকার হ'য়েছে!—-দাঁড়া! (কমওল্জলে আচমন ও শাপ জল গ্রহণকরিমা) অবে রে ক্ষত্রিয়পক্ষপাতী ক্ষুদ্র দেবাধমেরা!—

জনিবি ক্ষতিমুকুলে তোরা পঞ্জন।

শৈশবে ক্রপদস্থত করিবে নিধন ॥ (শাপ দান)
(উর্দ্ধে দৃষ্টি করিয়া সহর্বে) আঃ—হ্রাত্মারা অভিশপ্তহ্বামাত বিমানচ্যুত
হ'রে অধামুথে পড়ছে;—এখন কেমন হ'লো!—আমার সঙ্গে বাদ!

রাজা। (উর্দ্ধে ক্রিয়া সভরে স্বগত) ও: — তপস্যার কি প্রভাব!
— দেবতাদেরও এই গতি! — আমি ত কোন্ কীটামূকীট! — (প্রকাশে)
ভগবন্! ভার্যাপুত্র বিক্রেয়করে যা পেয়েছি — আপাততঃ গ্রহণ করুন —
অবশিষ্টের জন্মে আমি চপ্তালের নিকটে ও দাসত্ব কর্বো।

বিশ্বা। (সজোধে) আমি অর্দ্ধ লবনা – সমুদর একেবারে দে! রাজা। (পূর্ববং) শুন শুন সাধুগণ, সাধিবারে প্রয়োজন, নিজদেহ করিব বিক্রয়।

অৰ্দ্ধ শত স্বৰ্ণ দেও, এই দেহ কিনে নেও, যার ইথে প্রয়োজন হয়।।

অনুচরের সহিত শাশান-চাণ্ডালবেশধারী ধর্মের প্রবেশ।

গীত। (১৭)

রাগিণী ভৈরবী—তাল আড়া।

ধর্ম্ম। (বগত) ধর্ম আমি ত্রিভ্বনে সকল বহন করি।
কিন্তু আমি সত্য ছাড়া ক্ষণ কাল বৈতে নারি।।
সত্যবলে স্থ্য ঘোরে, সত্যে অক্সিদাহ করে,
বাস্থকি সত্যেরই তরে, আছে ধরা মাথায় ধরি।।
সত্য হীন বেই কর্ম্ম, নাহি তাহে কোনও ধর্ম,
কে জানে সত্যের স্ক্ম, সত্য সনাতন হরি।।

তা আমি রাজা হরিশ্চন্দের সত্যপরীক্ষার জন্ম এই শাশান-চণ্ডালের জাতিতে অবতীর্ণ হ'রেছি। (খান করিরা সাশ্চর্য্য) আমি ধ্যান ক'রে দেথ্লাম, রাজা হরিশ্চন্দের তুল্য ত আর দেথ্তে পেলাম না! — তা যাই — তাঁর নিকটেই যাই (পরিক্রমণ করিরা প্রকাশে) অড়ে সাড়মেরা! তুই অথের পেড়াডা এলেছিদ্ ত ?

অকুচর। হাঁ পড়ামানিক! এলেছি – তা আপনি এত অথ লিয়ে কি কড়্বে ? – স্থড়া পেবে লা কি ?

ধর্ম | অড়ে তোড়্ও কথায় দড়কাড় কি? (পরিক্রমণ)

রাজ্ঞা ৷ শুন শুন সাধুগণ (ইত্যাদি পাঠ করিয়া চতুর্দিকে অবলোকন করত শবেদে) হায় এ হতভাগাকে কি কা'রো প্রয়োজন নেই ? হায় হায়! কি হবে রে—কি হবে ? (উন্মন্তবং ভূমিতে উপবেশন এবং নিমীলিতনয়নে চিন্তন)

ধৰ্ম। (দেখির। বগত) এই যে মহাত্মা বসে আছেন (নিকটে বাইর। প্রকাশে) আড়ে উঠে উঠে--মুই তোড়ে চাই-এই স্থবর লে।

রাজা। ^(সহর উঠিয়া সহর্বে) ভোঃ সাধো! দেন্ (দেখিয়া সবিবাদে) আপনি আমার চান্?

ধর্ম | হাঁড়ে—মুই তোড়ে চাই!

রাজা। আপনি কে?

ধর্ম। মুই ?—মুই সক্ষমশানেড কন্তা—মুই শালে শ্লে দেবাড় কাজ কড়ি—মুই মুদ্দড়াস্দেড় পড়ামানিক।

রাজা। (সমস্তমে বিখামিত্রের চরণে নিপতিত হইরা) ভগবন্! প্রসন্ন হোন্—ভগবন্! দয়া করুন্। আমি আপনকার দাস্যবৃত্তি ক'রে ঋণ পরিশোধ কর্বো—কিন্তু মুক্ষরাসের দাস হ'তে পার্বো না।

বিশ্বা ৷ ধিক্ মূর্থ !—তপশ্বীরা আপনাদের কর্ম আপনারা করে—তুই আমার দাস হ'লে কি কর্বি ?

রাজা। (সাজনয়ে) আপনি বা আদেশ কর্বেন—তাই কর্বে৷!

বিশ্বা। কোথা হে ক্ষত্রিরপক্ষপাতী বিখেদেবেরা! শুনে রেথ।—(রাজার প্রতি) আমি যা আদেশ কর্বো—তাই কর্বি?

রাজা। আজে অবশ্র কর্বো।

বিশ্বা। আছো—তবে আমি আদেশ কর্চি, তুই এই শ্মশান-চণ্ডালের নিকট আত্মবিক্রয় ক'রে আমাকে দক্ষিণা স্বর্ণ দে।

রাজা। (নাবিধাদে আত্মগত) দগ্ধ বিধি! তোর মনে কি এই ছিল ? (প্রকাশে) ভগবন্! তাই দেব (ত্মশানচণ্ডালের প্রতি) হে স্বজাতি-মহ-তুর! আমাকে ক্রয় কর্বেন্—কিন্তু আমার একটী নিয়ম আছে।

ধর্ম। কি ড়কম লিয়ম ড়ে ?

্রাজা। ভিকালৰ অলে আমি উদরপূরণ কর্বো—দূরে দূরে থাক্বো—পথের লেক্ডা কুড্রে পরিধান কর্বো—তা ছাড়া স্বামী যা যা বল্বেন, তাই কর্বো।

ধ্রমা। অড়ে!এ তোড়বেশ লিয়ম। তা এই স্বন লে (হবর্ণ শান)

রাজা। (এহণ করিয়া সহর্বে)

মুক্ত হইলাম আমি ব্রাহ্মণের ঋণে।
শাপানল জলিল না এ জীবন-ভূণে॥
সত্যরকা হ'লো, ধর্ম রহিল অক্ষয়।
চণ্ডালদাসত্ব এবে শ্লাঘার বিষয়॥

(বিখামিত্রের প্রতি সাম্পরের) ভগবন্! এই সমস্ত ধন গ্রহণকরুন।
বিশ্বা। (লজ্জিতভাবে) দেবে ?

রাজা। (সাম্নরে) ভগবন। গ্রহণ করুন।

তৃতীয় অঙ্ক।

বিশ্বা। (গ্রহণ করিয়া শগত) বিস্তর হরেছে—আর নয়—এখন্ বাই (গ্রমনোদ্যম)

রাজা। (কৃতাঞ্লি হইয়াস্থিনছে) ভগ্রন্! বিলশ্জন্য অপরাধ ক্ষাকর্বেন।

বিশ্বা করিলাম (প্রস্থান)

রাজা। (শাশানচভালের প্রতি) হে স্বজাতিমহত্তর ! (প্রেজাজে সম্বরণ) হে স্বামিন্! এক্ষণে এ দাসকে কি কর্তে হবে, আজ্ঞা করুন। ধর্ম্মা। (সপরিতোধে আরগত) যা কথনও দেখ নাই-শোন নাই, সেই কাজ্ কর্তে হবে (প্রকাশে) অড়ে দক্ষিণ মশানে গিয়ে মড়াড় কাপড় সব জড় কড়তে হবে—আড় সেই থানেই দিবা ড়াত্রিড় স্বধানে থাক্তে হবে। তা মুই একন ঘড়ে যাই।

রাজা। প্রভুর যে আজ্ঞা-

সকলের প্রস্থান।

চতুর্থ অঙ্ক।

শ্মশানে যাইবার পথ।

ছুই শাশানচণ্ডালের সহ রাজার প্রবেশ।

চণালবয়। ভাই সব—তোমড়া সড় সড়—তোমড়া মনে কচ্চো—এ লোকটীকে শালে শূলে দিতে হবে—ভাই তোমড়া দেক্তে এয়োচ—বটে ?—তা কিন্তু লয়—এ বেচাড়া মোদেড় পড়ামানিকের ঠাই ঢেড়্ স্বন্ন লিয়ে দাস হ'য়েছে—ভা একন্ এ মোদেড়ই সাতী এক জন মুদ্দফড়াস হবে—তাই কম্মকাজ সম্ঝে দেবাড় লেগে একে লিয়ে বাচ্চি—তা তোমড়া সড় সড়—ডান্তা ছেড়ে দেও।

রাজা। (দীর্ঘ নিখাস ত্যাগকরিয়া আন্ত্রগত) এ কটের আর শেষ
নাই!—বিপদ ক্রমেই দারুণতর হ'রে উঠ্ছে! (স্বিধাদে হাসিয়া) আমার এই
মুদ্দফরাসের দাসত—ঘোরতর শ্বশানই বাসস্থান—আর মড়ার কাপড়
চোপড় সংগ্রহকরাই কাজ। বিধাতার মনের ক্ষোভ বোধ হয় এখনও
থামে নাই—এর পরই অদৃষ্টে যে কি ছঃথ আছে, তাই বা কে জানে ?
(সশোকে) লোকে বল্লু যে, "এক ছঃথে অন্ত ছঃথ ঢাকে " তা ঠিক্
কথা—দক্ষিণাশোধের জল্ভে যতক্ষণ ব্যস্ত ছিলাম—ততক্ষণ আর অন্ত
চিন্তা—ছিল না—এখন সে চিন্তা গ্রেছে—আর সকল শোক একবারে
এসে চেপে ধ'লছে—কথায় বলে, "সর্বাক্ষে ঘা ঔষধ দিবি কোথায় ?"
আমার তাই হয়েছে—আমি এখন কি অযোধ্যার সেই অনাথ প্রভাদের
জল্ভে শোক কর্বো ? কি শ্বেহময় বন্ধুগণের জল্তে কাতর হবো ? কি

বান্ধণের ঘরে দাসীভূত প্রিয়তমা ও বংস রোহিতাখের জন্তে চিন্তা কর্বো!—কি মুদ্দফরাসের গোলাম এই পাপিষ্ঠ জীবনের জন্তে থেদ কর্বো? (মরণ করিয়া) আহা—বান্ধণ বাছাকে যথন্ লাথী মেরে মাটীতে ফেলে—তথন্ তার সেই ঠোঁট্ ফুল্রে কান্না, আর ছলছল-চোকে আমার পানে চাওয়া—সে মনে পড়্লে প্রাণ আর দেহে থাকে না!

চণ্ডালদ্বয়। ভাই সব তোমড়া সড় সড় (ইত্যাদি পাঠ)

রাজা। (চিন্তা করিয়া সংশাকে আন্থাত) আহা যথন্ ব্রাহ্মণ শীঘ্র
নিয়ে যাবার জন্তে কোধ ক'রে ওঠেন—বাছা পদাঘাতে মাটীতে
পড়েছে—আঁচল ধ'রে টানাটানী কর্ছে—আমি ওদিকে পাষাণের মত
ন্তভিত হ'রে দাঁড়্যে আছি—তথন্ প্রিয়তমার সেই জলভব্ডবে চোক
আমার মুখের উপর পড়েছে—তিনি সে চোক্ নামাতেও পার্ছেন না—
রাখ্তেও পার্ছেন না—সে অবস্থাটা মনে হলে বোধহয় কে যেন
বৃক্রে ভিতর একটা বড়শী বিঁধে (হন্তমারা প্রদর্শন) এমনই করে মুর্য়ে
মুর্য়ে দেয়—আহা!—

গীত। (১৮)

রাগিণী ঝিঁঝিট—তাল একতালা।

প্রেরসি! কি করেছিলে।
আপন বৃদ্ধির দোবে আপনি মজিলে।
যদি—চক্রকুলে জন্ম নিয়ে, তত রূপ গুণ পেয়ে,
স্থ্যকুল যোগ্য বধু, যদি হরেছিলে।
তবে—কেন এ অধ্যে পতি, বরেছিলে তুমি সতি!
ভশ্মাঝে বৃতাহতি, কেন ঢেলে ছিলে।

হা বিধাত:— শৈব্যার কপালে কঠিন পরিশ্রমের কাজ দাস্যরতি করাই যদি লিথেছিলে, তবে তাকে তেমন কোমলাঙ্গী কেন কর্লে?

গীত। (১৯)

রাগিণী পহাড়ী—তাল আড়া।

হায় বিধি তব বিধি কে জানিতে পারে।
কি থেলা নিয়ত তুমি থেলিছ সংসারে।
গাঁথিতে ফুলের মালা, ক্লান্ত হতো যে রাজবালা,
সেই শৈব্যা আজি আমার দাস্য করে পরের বরে।

চণ্ডা। অড়ে দক্ষিণ মশান এই নগীচ, তা শিগ্গিড় আয়।

(ধৈষ্য অবলম্বনকরিরা) অয়ে ! এই সেই মহামাশান ! রাজা। বটেই ত-শকুনি সকল আকাশেমগুলাকারে উড়্ছে--আর মধ্যে মধ্যে সাঁই সাঁই শব্দে শবের উপর এসে পড়্ছে।— ঐ সকল শৃগাল কুকুর কর্কশ শব্দ কর্তে কর্তে এদিক ওদিক দৌড়ুচ্চে—এ ধৃম উড়্চে— ঐ চিতা জল্চে—উঁ: কি হুৰ্গন্ধ !—চিতার ছাই—অঙ্গার, হাড়, চুল, ছেঁড়া কাঁথা, ভাঙ্গা কলসি, ফ্লের মালা চারি দিকেই ছড়ান-এক টু স্থান নাই যে পা বাড়ান যায়। ওদিকে শুন্ছি "হা পুত্র। হা মিত্র। হা লাতঃ! হা ভগিনি! হা প্রিয়ে! হা সামিন্! হা পিতঃ! হা মাতঃ! হা পৌত্র! আমাদের ছেড়ে কোথায় গেলে!" ইত্যাদিরপ আর্ত্তম্বরে কত লোকে কাঁদ্ছে—আর মাটাতে আ ছাড় পিছাড় কর্ছে। ওঃ--কি ভয়ানক য়ঢ়য়-বিদারক স্থান। (নেপণো বিকট শব্দ) (সেই দিকে দৃষ্টি করিয়া) ওদিকে দেখ্চি একটা পচা গলা—হুৰ্গন্ধ—মড়া নিয়ে কত পিশাচ, ভূত, বেতাল, ডাকিনী, যক, রক্ষ একত্র মিলে কতই আনন্দে ভক্ষণ করছে (চিন্তা করিয়া) আহা জগ্ৰ-দীখরের স্টিতে কোনও বস্তুই পরিত্যাজ্য নয়—যা এক জনের বড় ঘুণা-কর—তাই আর এক জনের বড় উপাদের। (অন্য দিকে দেখিয়া) ওদিকে দেখ্ছি, শৃগাল কুক্র কাক গৃধু সকল একটা মড়া নিয়ে ছড়াছড়ি করে খাচেচ (সদরভাবে) আছা শব! তুমি অর্থীদিগকে নিজ্সর্বস্থ দান ক'রে

কি পরোপকার-ত্রতই সাধন কর্ছো! তোমার জন্মই সার্থক!
(অপর দিকে তাকাইয়া) ওদিকে দেখ্ছি—একটা শব চিতায় পূড়্ছে—অঙ্গের
কোনও স্থান শাদা, কোনও স্থান কাল, কোনও স্থানে ফোয়া, কোনও
স্থানে গর্জ—কত রকম বিকট হয়েছে;—মুথের মাংসগুলো পুড়ে গেছে,
ছপাটী দাঁত সমুদয় বাহির হ'য়ে পড়েছে—বোধ হচ্চে যেন "দেহের যে
এই দশা হয়" তাই ভেবে হাস্চে! (সনির্বেদ) হাস্বারই কথা বটে!—
আমরা এই অসার দেহ নিয়ে কতই দর্প করি—

গীত (২০)

রাগিণীললিত—তাল আড়াঠেকা।

এ দেহের এত দর্প কর নর কি কারণে।
শেষে কি হইবে দশা ভাবনাক কভু মনে॥
এই মাংস কোথা বাবে, শৃগালে কুকুরে থাবে
এই চক্ষু উপাড়িবে, গৃধিনী বায়সগণে॥
শশিসম এ বদন, স্বর্ণসম এ বরণ,
স্থাসম এ বচন, ভঙ্গী নরনে—
এ সব ফুরারে বাবে, দেহ ভক্মাটী হবে,
দর্প তাজি ভজ তবে, দর্পহারী নারায়ণে॥

চণ্ডা। (সমুখে দৃষ্টি করিয়া) আড়ে এই উ^{*}চু গাছের কোটড়ে মশা-নের চণ্ডকাচ্চায়নী থাকেন—তা সবাই গড় কড়। (উভয়ের প্রণাম)

রাজা। (চারি দিকে দেখিরা) ভগবতী চণ্ডকাত্যারনীর উপচার সকলও শাশানেরই উপযুক্ত—চারি দিকে শুক নির্দ্ধাল্য ছড়ান আছে—
সন্মুপে হা'ড় পোঁতা—তার গাএ এবং নিকটে পাঁকের মত কাল তুর্গন্ধ
রক্ত—গাছের ডালে ঘণ্টা টাঙ্গান—তাতেও রক্তমাখা—কাক কুরুর
শৃগাল প্রভৃতি চার্দিকে রক্ত থেয়ে বেড়াচে। (কুতাঞ্গলি হইরা)—

প্রেতকার্য্যপ্রিমে প্রেতে প্রেতরথযুতে।
শানবাসিনি চণ্ডি দেবি নমোহস্ততে॥ (প্রণাম)

নেপথ্যে (চাঁচীক্চ্ধনি)

রাজা। (দেখিয়া) পক্ষিগণ দিবাভাগে দিগ্ দিগস্তে চর্তে গেছলো—সন্ধ্যাকাল উপস্থিত দেখে আপন আপন বাসায় আস্ছে, তাদেরই
এই কোলাহল। (পশ্চিমাকাশে দৃষ্টি করিয়া) ভগবান্ স্থ্যদেবও অন্ত গেলেন—ক্রমে অন্ধকার হ'য়ে উঠ্লো।

চণ্ডা। (একের প্রতি) অড়ে এই দক্ষিণমসানে লালা ড়কম ভূতেড় ভয়—ভাত্ হড়ো—তা মোড়া শিগ্গিড় শিগ্গিড় পড়াই চড়্— খায় ঐ বেডাকে খাবে।

অপর। সেই ভাড়ো।

তুইজনে। (প্রকাশে) অড়ে! পড়ামানিকেড়া ছকুম, তু এই মশানে দিবা ড়াভিড় থেকে সবচানে কড়্ম কাজ কড়্বি।

রাজা। ^(সহর্বে) প্রস্কুর যে আজ্ঞা— নেপথ্যে। ^{(বিকট কিলি কিলি শব্দ})

চণ্ডালন্বয় (সভরে পরস্পরের ম্থাবলোকন করিয়া) আড় নয়--এই বেড়া। (প্রস্থান)

রাজা। (সাহসের সহিত পরিক্রমণ করিয়া) ওঃ—মৃতমাংসাহারী পিশাচেরা কি বিকট কোলাহল ক'রে চার্দিকে বেড়াচ্চে!—নিশাও কি ভরঙ্করা হ'রেছে!

गीठ (२১)

স্রট মলার—তাল আড়া।

ঘোরা ভরম্বা নিশা জগতে গ্রাসিতে এল।
অম্বর ছাড়িয়া রবি ভয়ে কোথা পলাইল ॥
ঘোর অম্বকার গায়, স্ট্চে যেন বেঁধা যায়,
ফুর্জ্জন-সেবার প্রায়, নয়ন বিফল হলো ॥
ভূত প্রেত যক্ষ রক্ষ, ভ্রমিতেছে লক্ষ্ লক্ষ,
সক্ষটে শক্ষরি রক্ষ, বুঝি আজি প্রাণ গেল ॥

যাহোক্, এ দকল ভয়ানক ব্যাপার দেখে আমার ভীত হওয়। হবে
না—বাঁচি আর মরি—সাহস অবলম্বন ক'রে স্বামীর কার্য্য সম্পাদন
কর্তেই হবে। এখন তারই চেষ্টা দেখাযাক্ (পরিক্রমণ করিতে
করিতে উচ্চম্বরে উক্তি) এখানে কেউ আছে ?—বে থাক আমার প্রভ্র আঞ্জা
তনে রাধ—

মৃতবস্ত্র নাহি দিয়া না জানা'রে মোরে। শ্মশানের কার্য্য যেন কেহ নাহি করে॥

আজ্ অবধি এই নিয়ম সকলকেই অবশ্য পালনকর্তে হবে—
বিনি অবহেলা কর্বেন, ইক্স চক্স বায় বরুণ হোন্না কেন—আমার
এই ভুজদণ্ড তাঁর সে অপরাধ মার্জনাকর্বে না।—কৈ? কেউ
কোনও উত্তর দিল না!—অন্য দিকে আবার বলি পেরিজ্মণ করিয়া উচ্চৰরে)
—এ দিকে কেউ আছ হে?—

নেপথ্য। আমি আছি।

রাজা। (সসাহসে) এ কি । প্রত্যুত্তর যে !—আছো, শব্দামু-সারে নিকটে মিয়া দেখি—কে ইনি ? (পরিক্রমণ ও নেপথাভিমুখে দৃষ্টি করিয়া সবিক্রমে) অয়ে—কে এ ?—

> মাথায় মড়ার খুলি ভক্ষমাথা গায়। সর্বাঙ্গ জড়িত দেখি হাড়ের মালায়॥ খট্টাঙ্গ মড়ার মাথা এক এক করে। ভূতনাথ-সম-বেশে শ্মশানে বিহরে?॥

वामाहाति-मन्त्रांमि-त्वर्ण धर्मात थारवण ।

সন্ধ্যাসী। (বগত) আমি ত ধর্ম-- ত্রিভ্বন আমি ধারণ করি---

শত্য আবার আমার ধারণ করে। এই রাজার সত্যপরীকার জন্য আমি এই কাপালিক বেল ধারণ করেছি। (চিন্তা করিরা সবিদরে) আশ্চর্যা! এত তৃঃথ পরম্পরাতেও রাজর্ষি ইরিশ্চন্দের মন বিচলিত হচ্চে না—সমানভাবে আপন কার্য্য সম্পন্ন কর্ছে! অথবা মহাত্মাদের স্বভাবই এইরপ!—তাঁরা স্থেও উন্মন্ত হন না, হুঃথেও নিমগ্ন হন না! তাঁদের মতে স্থা হঃথ কিছুই নর—কেবল মনের ত্রান্তি ও হর্কলতা—মন দৃঢ় থাক্লে, তাতে স্থাও স্থাবোধ হয় না, হুঃথও তৃঃথবোধ হয় না। যা হোক্ এখন্ রাজর্ষির নিকটে যাই (নিকটে গিয়া) রাজন্! সিদ্ধিভাজন হও।

রাজা। আস্তে আজা হোক্— মহাত্রতচারীর কুশল ত ?

সম্যাদী। রাজন্। যাচকভাবে আমি তোমার নিকটে এদেছি।

রাজা। (লজা প্রকটন)

সম্যাসী। লজ্জার প্রয়োজন নাই—আমি যোগ-বলে তোমার সমৃদয় অবস্থাই জানি—কিন্তু এ অবস্থাতেও তুমি আমার অভীষ্টদান কর্তে পার্বে।—সাধুরা বিপদে, সম্পদে, যে অবস্থায় থাকুন—পরোপ-কারে কথনও কান্ত হন্না—চক্র ও স্থ্য রাহ্গ্রন্ত হ'রেও লোকের কত পুণ্যক্ষরের স্থোগ করেন।—অতএব আমি এখন বা বলি—তা শোন।

वाका। बाका करना।

সন্ধ্যাসী। বেতালসিদি, বজাসিদি, ওটিকাসিদি, অঞ্জন-সিদি, পাদলেপসিদি, দৈত্যাসনাসিদি, রসায়নসিদি ও ধাতৃবাদসিদি এই অষ্টসিদি * আমার হস্তগত হ'রেছে। একণে এই ক্লশানের

[্]রা তেওান সিদ্ধি ইইলৈ বৈতাল অধীৎ শ্বাধিষ্টিত প্রেত সাধকের আটার্ন্দীস্সারে ছংসাধ্য কর্মন্ত সম্পাদন করিয়া দেয় ৷ ২ বজুসিদ্ধি ইইলে বজু সাধকের অভিমত স্থানে

প্রান্তভাগে অমৃতরবের নিধি আছে— সেই মহানিধি ভূগত হ'তে ভূলে আন্বার জন্তে আমায় কিছু সাধন ও চেটা কর্তে হবে। অভএব সেই কাজে বাতে আমার কোনও বিদ্না ঘটে, তুমি সচেই হও।

রাজা। আপনি বোগ-বলে জানেন ই যে, আমি এখন দাস— আমার এ শরীর পরাধীন—অতএব প্রভুর কার্য্যের ব্যাঘাত না ক'রে আমাহ'তে যা—হয়—তা অবস্থা কর্বো।

সয়াসী। প্রভ্কার্যের বাবোত কি ? ভোমার আজ্ঞামাত্রেই আমার অভীষ্টসিদ্ধি হবে। তোমার আজ্ঞাল্জ্মন ক'রে কোনও বিশ্ব আমার নিকটে যেতে পার্বেনা। আমি এখন্ চল্লাম—তোমার যা কর্ত্ব্য হয় কর।

(প্রস্থান)

রাজা। (সাহস সহকারে চতুর্দিকে ভ্রমণ করিয়া উচ্চবরে) বিশ্বগণ ! শ্রেস্থান কর-প্রস্থান কর—দেখো, সম্র্যাসীর কাজে কেউ যেন হস্তক্ষেপ ক'রো না।

নেপ্রের । মহারাজের যে আজ্ঞা—মহারাজ ! আজ্ আপনকার বড় মঙ্গল—বিদ্যারা স্বরম্বরা হ'রে নিকটে আস্ছেন—আজ্
আপনকার আজ্ঞা লজ্মন করে, কার সাধ্য ?

রাজা। (সংগ্রিতাই ত হ'লো। সল্লাসী বা বলেছিলেন-

পতিত হয়। ৩ গুটিকাসিদ্ধি হইলে মুখমধ্যে গুটিকাবিশেষ রাথিয়া কাক ৰক বা যে কোনও প্রাণী হওয়া যায়। ৪ অঞ্জনসিদ্ধি হইলে অঞ্জনবিশেষ নেত্রদ্বয়ে লেপনি করিলে সমস্ত গুপুধন বা কালত্রমের ঘটনা প্রত্যক্ষবৎ দেখিতে পাওয়া যায়। ৫ পাদ্দৈপসিদ্ধি হইলে ছলের স্থায় জলেও পাদ্দারে অমণ করা যায়। ৬ দৈত্যাঙ্গনাসিদ্ধি হইলে দৈত্যাঙ্গনা সাধককে আকাশপথে যথা তথা লইয়া যায় ও তাঁহার সমীহিতসাধন করে: পরসান্ধ্যমিদ্ধি হইলে দ্বাসংযোগ দারা দ্রবান্তির উৎপাদন করিতে পারাযায়। ৮ ধাতুবাদ্সিদ্ধি হইলে দ্বাস্থ্য চইতে ত্রন্তি স্বর্গ রোপান্তি প্রস্তুত করিতে পারা যায়।

তাই ত ঘট্লো!—বিজের। আমার আজ্ঞা লজ্মন কর্তে পার্লে না!— যা হো'কু বড় আহলাদিত হলেম।

विमाजारात थातन।

বিদ্যা। (সহসা নিকটে যাইয়া) রাজন্ হরিশ্চক্র ! তোমার মঙ্গল হোক্—আমরাই তোমার সমস্ত বিপদের মূল; আমাদেরই জন্তে মূনি কুপিত হ'মে তোমার প্রতি এরপ নিষ্কুরাচরণ করেছেন—এক্ষণে আমরা তোমার নিকট উপস্থিত।

রাজা। (দেখিয়া সাক্র্য্যে আত্মগত) এই সেই বিদ্যারা ?— বাঁদের আরাধনায় বিশ্বামিত্রের্ও তাদৃশ তীত্র তপদ্যা বিফল হয়েছে ? (প্রকাশে) আপনারা ত্রিশোক-বিজয়িনী; আমি আপনাদিগকে প্রণাম করি।

বিদ্যা। রাজন্! আমরা এখন তোমার অধীনা—কি করতে হবে, বল। আমরা তোমার দাসভাব মোচন করাতে পারি—র্ন্ত পুত্রের সহিত সঙ্গম. কর্রে দিতে পারি—আর নিজরাজ্য আবার দেওয়াতে পারি।

রাজা। (কৃতাঞ্চলি) যদি আপনারা আমাকে অমুগ্রহপাত্র মনে করেন—তবে ভগবান্ বিশ্বামিত্রের নিকটে আপনারা উপস্থিত হোন্—তা হ'লে তাঁর কাছে আমি অপরাধম্ক হই।

বিদ্যা। রাজন্! আমরা বিখামিত্রের সম্পূর্ণ অধীনা হবো না — তবে তোমার অমুরোধে তাঁর মনোবাঞ্চ কতক দূর পূর্ণ ক'রে তোমার প্রতি তাঁকে অজোধ ক'রে দেব।

(প্রস্থান I)

কুম্ভবয় ক্ষন্ধে বেতালের প্রবেশ।

বৈতাল। (কুড্ছর ভূমিতে রাখিরা আলস্য ভাঙ্গিরা ঘাড় মুখা চুসকাইরা বিরক্তভাবে) উ: !-- ছাড় ভেঙ্গে গেছে !--কলসী হুটো কি ভারী !--

বাপ্রে বাপ্!—আমি বাবু ভূত—মড়াটা আদ্টা ধাবো—এ গাছে ও গাছে লাফ্রে ঝাঁপ্রে বেড়াবো--দিনে তুকুরে তোমার বাড়ীতে চেলাখানা গোহাড়পানা ফেলবো—(কর্ণে অঙ্গুলি দিয়া কাতরম্বরে) 'উ হ হ হ! কাণকোটারিতে থেলে গো!'—সাঁজে বেয়ানে তোমার বোটো ঝীটে গাছ তলায় আমে—তাদের ঘাড়ে চড়বো—গাবকুটো করে থাবো--তাদের নিয়ে হেথা হোথা রঙ্গক'রে বেড়াবো--ওঝাবেটারা ঝাড়াতে ঝোড়াতে আসে, তাদের গাএ পেচ্ছাব ক'রে দিয়ে আমোদ কর্বো (নাদিকা ঘর্ষণ করিতে করিতে) 'বাপ্রে! নাকের ভেতরে ক্ষমি কামড়াচ্চে-এ! শানাপূজোর অলকার রাত্রে তুমি যদি পাঁটার মুড়ি নিয়ে রাস্তা দিয়ে চলে যাও—তবে পেছু পেছু " দেঁও না " " দেঁও না " বলে চাইতে চাইতে যাবো—যদি দেও, তবে পাঁঠার মুড়িটীর সঙ্গে তোমার মৃভিটীও থাবো (চকু রগ্ড়াইয়া) 'ই হি হী হী ৷ চোকের ভেতর পোকা বিজ্ করে গো!'—ভূমি ভাজা মাছ হাঁড়িতে রেথে সরা চাপা দিয়ে অস্ত ঘরে গিয়ে গুলেছ-—আমি সেই মাছ্গুলি থেয়ে হাঁড়িতে বাজ্যে ক'রে রাখ্বো—তুমি জান্তে না পেরে পরদিন ষেমন সেই হাঁড়ি আকায় চড়াবে, আমি অম্নি আড়ার উপর থেকে থিল্ থিল্ ক'রে হেনে উঠ্বো (সর্বাক চুল্কাইরা) 'মা গো মা! মাতার চুলের ভেতর-গাএর লোমগুলোর গত্তে—সব বিছে কামড়াচ্চে গোঃ! ও!—ও! হো!' — জামার এই সব কাজ্—এই সব কাজ্ কর্তেই আমি ভালবাসি—তা না হ'লে আমি কি এ রকম মোট বৈতে পারি?—আমার ঘাড়মুড় ভেকে গেছে—বাপ্রে বাপ !—বেটা সন্নিদী আমার কি নাকালই করেছে !— বেটা কি বীজ বীজ ক'রে বকে, আর নাকফোড়া গাড়ীর গোরুর নাকের দড়ি ধরে টান্লে যেমন হর, তেমনি বেটার কাছে আমায় থাড়া হয়ে দাঁড়্রে থাক্তে হয়, আর নড়্তে পারি নে। বেটা যথন কাছে না थारक. ज्थन् मरन कति, এবার स्मूर्थ (शाम এक कीरन दिगारक गरमत বাড়ী পাঠাবো-কিন্তু বেটা স্থমুথে এলে গরুড়ের কাছে সাপের মত

আমায় কেঁচো হতে হয়—আর জারী জুরী থাকে না! যাহোক---বেটা ভাল বেতালসিদ্ধি করেছেলো!—খুব খাটুয়ে নিলে ৷ (কুস্বয়ের প্রতি নিরীকণ করিয়া) এ ছটোতে কি ?—দেখি (একের আবরণ খুলিয়া) এটার দেণ্ছি চাকা চাকা ঝক্ ঝকে সোণা; (মুখভঙ্গী করিয়া) এ গুলো কোনও কাজের নয়। কত ভাঙ্গা বাড়ীর দেওয়ালের ভেতর এমনই কলসী কলদী পোঁতা আছে, দেখেছি—যারা পুঁতে ছেলো—তাদেরও কোনও কাজে লাগেনি—তাদের ছেলেপিলেদেরও ভোগে আসেনি—কোথাও অন্ত লোকে তুলে নিয়ে গেছে—কোথাওবা মাটীর জিনিষ মাটীই হচ্চে। (অপরের আবরণ ধ্লিয়া) বাঃ—বাঃ—এটা বেশ জিনিষ।—কিসের ঝোল।— এ যেন পচা মড়ার কসানি রসের মত রাঙা !--গন্দও বেশ !--একটু খাব ? (সন্নাসীর পথের দিকে সভয়ে দৃষ্টি করিয়া) সন্নিসী বেটা এখনি আস্বে না ত ?—(পুনর্কার পথ তাকাইয়া) নাঃ—এখনও আসতে দেরি আচে—একটু ৰাই! বেটা জানতে পার্বে না ত <u>?</u>— আমি এথানে বসে লুক্ষে शादा--- आवात कनमीत मूथ एका नित्य ताथ्दा, তা कमन क'रत का-নৰে ?—বেটা কিন্তু বড় ধৃৰ্ত্ত! মনের ভেতরকার কথা যেন আঙ্শী দিরে টেনে বার্করে; --লোলাওত আর সাম্লাতে পারি নে-লগ্বগ্ কচেচ। (কুন্তের আবরণ বার বার উপবাটন ও নিক্ষেপণ, সম্ল্যাসীর পথের দিকে বার বার সভরে দৃষ্টিপাত—এবং জিহ্বাও দস্ত বাহির করিয়া বার বার থাইবার লালয়াপ্রকটন) তা হোক—একটু থাই – বেটা এদে যদি দেখে, তাতেই বা ভয় কি ?--यिन किছ वरण (मरकार्य) তবে এই नथ मिरत्र विठात मुख्रोटी छिँए रक्ल्रा ना।।

সম্যাসীর প্রবেশ।

স্ম্যাসী। কিরে বেতাল! দাঁত জিব্ ওরকম বার্ কর্ছিলি কেন ? বেতাল। (দঙারমান ও কৃতাঞ্চলি হইরা) আজে তা নয়—তা নয়—
বলি—বলি ঠাকুরজীর আস্তে দেরী দেখে, আমি ভাব্ছিলুম—বৃদ্ধি
পথে পাএ কাঁটা কুটেছে—সেই জন্তে চল্তে পাচেন না—তা যদি হয়—
তবে এই জিব দিয়ে পাটা চেটে চেটে ফর্সা ক'রে—তার পর দাঁত
দিয়ে কাঁটাটা ভূলে দেব—তাই সেটা কেমন ক'রে কর্বো—তারই
কন্ত কচ্ছিলুম।

সম্যাসী। (হাসিয়া) আচ্ছা এখন্ কলসী কাঁধে কর্—চল্।
বৈতাল। যে আড্ডে! (কুডবর কলে মুনির অনুগমন)

সম্যাসী। (রাজার নিকটে বাইরা) রাজন্। বড় স্বান্ধল-সেই
অমৃতনিধি লব্ধ হয়েছে—সিদ্ধ-পুরুষেরা ইহাই পান ক'রে অমর হ'রে
কল্পতর্গ-শোভিত স্থামরুশিখনে বিচরণ করেন। তোমাকেও এর কিঞ্চিং দিই—পান ক'রে অমর হও—হ'রে অমরগণের সঙ্গে একত্র বিহার
কর গে।

রাজা। সাধকরাজ ! এ কাজ দাসভাবের বিরুদ্ধ—এরূপ কর্লে স্বামীকে বঞ্চনাকরা হয়—তা আমি পার্বো না।

সন্ধ্যাদী। (সবিদ্ধরে আন্ধাত) আশ্চর্যা ধর্মনিষ্ঠা !—আচ্ছা—আর এক রকমে দেখি (প্রকাশে) রাজন্! আমি দেখ্ছি, দাসত্তই তোমার সকল মঙ্গলের ব্যাঘাতক। অতএব এক কাজ কর—এই অমৃতনিধির সঙ্গে এক স্থবর্ণনিধিও আমি পেয়েছি;—এই কুন্তের মধ্যে অসম্ধ্যা স্থবর্ণ আছে, এ সমৃদ্য় তোমাকে দান কর্ছি—তুমি স্থামীদিগকে এই স্থব্ণ দিয়ে আপনার নিজের ও পত্নীপ্রের দাসত্ব মোচন কর।

রাজা। সাধকরাজ! এ বড় অমুগ্রহের কথা, কিন্তু আমাদের শাস্ত্রে বলে—ভার্য্যা, পুত্র আর দাস, এরা অধন;—এরা যা কিছু উপা-র্জন করে, তাতে এদের নিজের স্বত্ব হয় না—এরা যার, তারই তাতে স্বত্ব জনো। অতএব আমি দাস হ'বে কেমন ক'বে নিজের জনো এ স্থবর্ণ গ্রহণ কর্তে পারি ?—তবে যদি আপনার মত হয়—প্রভুর জন্তে নিয়ে তাঁর কাছে পাঠাতে পারি।

সন্ধাসী। (সবিশ্বরে শগত) ধন্ত বৈধ্য় ! ধন্ত জ্ঞান ! ধন্ত সত্য-নিষ্ঠা ! ধন্ত নহান্তভাবতা ! রাজন্ ! তোমাদের মত লোকেরই সংসারে জন্মগ্রহণ করা সার্থক।

গীত। (২২)

রাণিণী দিকু—তাল আড়া।

তোমরা হে সাধুগণ শুভক্ষণে জন্মছিলে।
বিশ্বন্ধরা ধরে আছে তোমাদেরি পুণ্যবলে॥
প্রলয়কালের ঝড়ে, পর্বত ও উপাড়ি পড়ে,
কিন্তু সাধুজন-মন, কিছুতেই নাহি হেলে॥

আর আমার জেদ্ করার প্রয়োজন নাই!—আর এ সোণাকে আগুনে পোড়াতে হ'বে না (প্রকাশে বেতালের প্রতি) বেতাল। তুই এখন যা—এ রাজার যাতে মঙ্গল হয়, তা করিস্।

বেতাল। (প্রণান করিয়া) ঠাকুরজীর যে আজ্ঞা। (প্রহান)

সম্যাসী। (চারি দিকে অবলোকন করিয়া) রাজন্! রাতি আর অধিক নাই।—আমি—এখন্ যাই।

রাজা। সাধকরাজ! ছর্দশাগ্রস্ত লোকের কথা উপস্থিত হ'লে আমাকেও শারণ কর্বেন।

সন্ন্যাসী। দেবতারা তোমার অরণ কর্বেন।

প্রস্থান।

রাজা। (পূর্বদিকে দৃষ্টি করিয়া) এই যে রাত্রি প্রভাত হয়েছে—

গীত। (২৩)

রাগিণী ললিত—তাল আডাঠেকা।

নিশা অবসান হলো ভাত্মরশ্মি প্রকাশিল।
ভয়ক্কর রাত্রিঞ্চর জন্ত সবে লুকাইল॥
একে একে তারাগণ, হলো সবে অদর্শন,
মানবের বন্ধু যেন, বৃদ্ধ বয়সে——
শশী হলো অধোগতি, পতিব্রতা জ্যোৎসা সতী,
তবু ছাড়িলনা পতি, সানমুখে সঙ্গ নিল॥
তা আমিও গঙ্গাতীরে গিয়ে প্রভাতকার্য্য সম্পন্ন করি।

अहान।

পঞ্চম অঙ্ক।

শাশানভূমি।

১ম অহাংশ।

এক শাশানচণ্ডালের প্রবেশ।

চপ্তা। হড়ে দাদা কম্নে গেড়ো?—মুই তাড়ে চুঁড়্তে চুঁড়তে হালাক হন্ন।—একটা মড়া ছেড়ে কোড়ে কড়ে এক মাগী কান্দেং এস্চে—ছেড়েডার গাএর কাপর গুড়ো পুড়োনো বটে—কিন্তু বেড়ে আঙাচোঙা—কাক্ককে। মোড়ে সে গুড়ো লিতে হবে—মোড় ছেলেডাকে দেবো—তা মুই হড়েদাদাকে সে কথাডা বড়ে যাই। সে কোন্ চুড়োয় গেড়ো? (চতুর্দ্দিকে অন্বেষণ) বুজি গঙ্গাড় ধাড়ে গেচে—দেকি দিকি—(প্রহান।)

বিকৃত মলিনবেশে রাজার প্রবেশ।

রাজা। (সচন্তভাবে) বহুকাল এই শাশানে বাস কর্লেম্—বার
মাস—িক বার বংসর—িক বার শত বংসর কেটে গেল—তা বুঝ্তে
পার্ছি না। পূর্বের অবস্থা এখন আর সর্বাদা তত মনে ওঠে
না—এখন্ কোপার শব আস্ছে—কোন্ শবের সংকারে কত মূল্য
পাবো—কোন্ শবের বস্তাদি ভাল—এইরূপ চিন্তাতেই সকল সময়
ব্যস্ত থাকি;—পূর্বের কা'রো শোকের কারা শুন্লে মন কতই আকুল
হ'তো—এখন শুনে শুনে এম্নি কড়া পড়ে গেছে যে, আর কিছুই
হর না। (দীর্ঘনিশাস ত্যাগ করিয়া) বিধাতঃ! তুমি এই কুদ্র হরিশ্বক্রকে

নিয়ে, কি থেলাটাই থেল্লে!—জারও বে, কি থেল্বে—তা তুমিই জান! হায়—

শক্রতা মুনির সঙ্গে, স্বজনবিচ্ছেদ।
পত্নীপুত্র-বিক্রয়ের এই চিত্ত-থেদ॥
চণ্ডালদাসত্ব আর শ্বশানে বসতি।
ভূগিতেছি যে সকল আমি মৃঢ়মতি॥
করেছিত্ব ল বিধি কবে কিবা পাপ।
যার ফলে এই সব পাই মনস্তাপ॥

বিশ্বামিত্র মুনি কুপিত হ'য়ে সকল নিয়েছিলেন বটে, কিন্তু পত্নী পুত্র ও নিজ দেহ এ তিনটা বাকী ছিল—বিধাতার মনে তাও সহ্ন হ'লো না! তিনি সে তিনটাকেও ক্ষণকালের মধ্যে বিলুপ্ত কর্লেন! (চিন্তাকরিয়া সঞ্চেন) বোধ হয় প্রিয়তমা এ অবস্থায় অতি দীনা, ক্ষণা ও মিলিনা হয়েছেন—সমস্ত দিন রাক্ষণের গৃহকর্মে ব্যস্ত থাকেন—স্কৃতরাং রাত্রিতে শয়ন ক'রেই কাঁদ্বার অবসর পান—এবং আমার সহিত আবার সমাগম হবে, এই আশাতেই প্রাণধারণ ক'রে আছেন—কিন্তু এ হতভাগার যে কি ছর্দশা ঘটেছে, তা ত আর জানেন না! (দীর্ঘনিশাস ত্যাগ করিয়া) হা বৎস রোহিতাশ্ব! তুমি দাসদাসীর কোলে কোলেই বেড়াতে—আর কারো না কারো বুকের উপর শুরেই ঘুমাতে—কিন্তু আজ্ তুমি ঘুমাবার সময়ে মাটীতে লুঠে ধূলিধ্সরিত হচ্চো!—হায়! তুমি কোনও আজ্ঞা কর্লে শত শত রাজপুত্র সেই আজ্ঞা পালনকর্বার জন্যে ব্যস্ত সমস্ত হ'তো—কিন্তু আজ্ তুমি বিপ্রবালকদের নিরস্তর আজ্ঞা বয়েয় থেটে থেটে সারা হচ্চো!——(কাতরন্তর)——

পাতিরা রেখেছি মাথা বিপদের পাকে।
পড়ুক বিপদ যত পড়িবার থাকে।
ঋষি-ঋণে মৃক্ত এবে, আর নাহি ভর।
বিপদ সম্পদ্মোর তুল্য এ সময়।

কিন্ত বৎস! শেলসম এ ছঃখ রহিল। নিদারুণ দৈবসর্প তোমারে দংশিল॥

(চিকিত হইয়া সভয়ে) বালাই বালাই! বাছার অমঙ্গল দূর হোক্—
নারায়ণ! নারায়ণ! "নিদারুণ দৈব তোরে এত হুঃথ দিল" এই কথা
বল্ছিলাম—কিন্তু মুথ দিয়ে কি ভয়ানক কথা বার হ'য়ে পড়্লো!
ছর্গা—ছর্গা। (বামচকুও দক্ষিণ বাছর স্পন্দনের অভিনয় করিয়া) এ কি!—
বামচকুও দক্ষিণ বাছর স্পন্দন হচ্চে—এতে ত অমঙ্গল—মঙ্গল ছইএরই
স্চনা হয় (হাসিয়া) অমঙ্গল আর কি হবে ?—মঙ্গলই বা আর কি
আছে ?——

অতঃপর অমঙ্গল কিবা আছে আর । এখন্ মঙ্গল শুধু মরণ আমার॥

শাশান চণ্ডা। (বেগে প্রবেশ করিয়া) পুত্রেড্ —

রাজা। (চকিত হইয়া সাশকে) ভদ্র ! পুত্রের কি ?

চণ্ডা। পুত্রেড্মড়া শড়ীড় লিয়ে এসে এক মাগী বর কাঁদা-কাটী কড্চে—তা তাড়্কাপর গুড়ো মোড়ে দিস্—মুই আকন্দোস্ড়া কামে বাই (প্রহান।)

রাজা। পরিক্রমণ।

নেপথে। অরে আমার বাপ!

রাজা। ^(ওনিয়া) অহহ! কারাটা বড় হৃদরভেদী।



२য় अकाःण।

শৈব্যার প্রবেশ।

শৈব্যা। (উপবিষ্ট--সমূধে বন্তাঞ্চাদিত মৃত পুত্র।)
শৈব্যা। অবে আমার বাগ!--বাবা! কথা কচ্চোনা কেন বাবা?

এ হু:খিনীকে চাঁদমুখে মা বলে ভাক্চো না কেন বাবা ? (কিয়ংকণ অচৈতন্ত্ৰভাবে অবস্থান—পরে সংজ্ঞালাভ ; সরোদনে) জাহ ! তোর কি এই উচিত রে !
—তোর কি এই ধর্ম রে !—তোর বাপ এ হতভাগিনীকে ত্যাগ করেছে
—তুইও ত্যাগ ক'রে গেলি ?—বাবা ! আমি কোথায় দাঁড়াবো বাবা ?
(মোহপ্রাপ্তি)

রাজা। (ভনিয় সংখদে) হায়! এতপস্থিনী ও স্বামীর পরিত্যক্ত? পোড়া বিধাতা জলাতে পোড়াতে কাউকে ছাড়েন্না!

কৈব্যা। (সসন্তমে উঠিয়া)—িক হয়েছে ?—কাণ্ডধানা কি ?—আন্মার ছেলে কোথা গেছে ? (দেখিয়া) এই যে আমার স্ষ্টিধর! স্ষ্টিধর! প্রালিঙ্গন করিয়া) বাবা! কথ কচোনা কেন?—আমি এক্লা—বড় ভয় পে-মেছি—দেখ্ছ না বাবা! এ যে ভয়য়য় শশান! (উন্মন্তার নাায় হইয়া)—িক বল্লে বাবা ?—তুমি ভট্টাচার্য্যের জন্যে ফ্ল্ তুল্তে গেছ্লে ?—গাছে উঠেছেলে ?—গাছের কোটর থেকে কালসাপ বের্য়ে তোমায় কাম্ডিছে ? (সসন্তম) কৈ কৈ ?—দে কালসাপ কৈ ?—কৈ আমায় কাম্ডালে না ? (চারি দিক্ দেখিয়া হায়্য) বাবা! আমার সঙ্গেও তোমার তামাসা!—মিছে কথা—মিছে কথা—কালসাপ এখানে নেই (নিকটে বিয়য়া) বাবা! বেলা হ'য়েছে—আর ঘুম্ইওনা—ওঠ—উপাধ্যায়ের জন্যে অথও বিশ্বপত্র এনে দেও—তিলক্ষেত্ থেকে কুশ কেটে আন—হোমের বেলা ব'য়ে যায়—ব্রহ্মচারীরে সব ফিরে যাবেন (তুলিবার চেষ্টা করিয়া সাবেগে) বাবা! সত্যই কি তুই হতভাগিনীকে ছেড়ে গেছিস্ ?—হা জাছ! (মৃছ্ছা)

রাজা। (বিরবতার সহিত) কারা শুনে শুনে যদিও অভ্যাস হ'য়ে গেছে—তথাপি আজ্ এ মাগীর কারা শুনে প্রাণ ধারণ কর্তে পার্ছি না, এর কারণ কি ?—যাহোক্ এ কারা আর ত শুন্তে পারি না—একটু দ্রে গিয়ে বিসি—মাগীর কারা শেষ হ'লে, তথন্ এসে কাপড় চোপড় নেব (কিঞিৎ দ্রে গিয়া অবস্থান)

শৈব্যা। (চেতনা পাইয়া সরোদনে) আর্য্যপুত্র! কোণায় আছ?

—তোমার সেই হৃদয়নিধির কি অবস্থা হয়েছে, এ কবার এসে দেখে যাও—

গীত (২৪)

রাগিণী ভৈরবী — তাল মধ্যমান।

কোথা হে কোথা হে হরিশ্চন্ত হে রাজন্।
দেখসিএ ধূলায় লোটে রোহিতাশ্ব হৃদয়ধন ॥
কৃতান্ত কাল ভূজক, দংশেছে বাছার অক,
থেলা ধূলা করি সাক্ষ, (বাছা) মুদিয়াছে তু-নয়ন ॥
কোথা হে আছ নিদয়, নাহি কোন চিন্তা ভয়,
জাননা যে সেই তনয়, করিয়াছে পলায়ন॥

আর্যাপুত্র! তুমি আমায় বিদায় দেবার সময়ে বলেছিলে যে, বালকটীকে যত্ন ক'রে রক্ষা কর্বে—তা আমি হতভাগিনী এই যত্ন কর্লাম। হা বাছা রোহিতাঝ! এ হতভাগিনীর কাছে থাক্লে এই ঘট্বে—তাই জেনেই কি তুই আস্বার সময়ে তত কেঁদেছিলি ?—তুই কোনওমতে আমার কাছে আস্তে চাস্নি—আমি তোকে কেন তোর বাপের কোল্ থেকে ছিন্য়ে এনেছিলাম!—বাছা! তাঁর কাছে থাক্লে তোর ত এদশা ঘট্তো না! হায়—

গীত (২৫)

রাগিণী ভৈরবী—তাল মধামান।

কি হলো রে হলো রে হলো রে আমার।
জীবনধন রোহিতাখ ম। বলে ডাক্বে না আর॥
অগাধ সাগর জলে, ভেলা ছিলি তুই রে ছেলে,
অন্ধের হাতের নড়ী ব'লে, কাছে রাখ্তাম অনিবার॥
কেমনে রে ছেড়ে গেলি, কেমনে মায়া কাটালি,
আমার নার কি হবে বলি, ভাব্লিনা রে একটী বার॥

রাজা। মাগীর কারা দ্র হ'তে স্পষ্ট শুন্তে পাচ্চি না বটে—
কিন্তু শক্টা যা একটু কাণে আস্ছে, তাতেই বৃক কেমন ধড়্ ফড়্
করে উঠ্ছে; আর ত এখানেও থাক্তে পারি না;—কাছে যাই—গিয়ে
শীঘ্র শীঘ্র কাজকর্ম সেরে, এখান হ'তে প্রস্থান করি। (কিঞ্চিৎ নিকটে গমন)

শৈব্যা। প্রের প্রত্যঙ্গ নিরীক্ষণ করিয়া সরোদনে) বাছা! অষ্ট্রমীর চাঁদের মত তোর এই দীঘল কপাল; পাশে লালের রেথা দেওয়া ধব্ধবে বড় বড় উজল চোক্; টেয়া পাকীর ঠোঁটের মত এই বাঁকা নাক; এমন স্থান্দর এই চওড়া বুকের পাটা;—তা এতে ত কোনও অলক্ষণ নেই!—পোড়া বিধি কি অলক্ষণ দেখে এ প্রমাদ ঘটালে?—আমি হতভাগিনী—পাপীয়সী—আমার কথা থাক্—আর্যাপুত্র ত তেমন সত্যপরারণ,—তেমন ধার্ম্মিক—তাঁরও ত এমন দশা ঘট্লো!—আজ্ বুঝ্লাম—ধর্ম্ম মিথ্যা—স্থান্দকণ মিথ্যা—জ্যোতিঃশাস্ত্রবেতারা সব মিথ্যাবাদী;—কত বার কত গণক অঙ্গের এই সকল স্থান্দণ দেখে বলেছিলেন যে, এই বালক বংশধর, দীর্ঘায়ু, চক্রবর্তী রাজা হবে—তা হা দৈব! আমার এই পোড়া কপালে সে সমুদয়ই অলীক হ'লো!

রাজা। ^(সভয়ে) এ কি! কথা গুলোর যে মিল হচ্চে! ^{(ভালরুপে}
নিরীক্ষণ করিয়া সঙ্গল নয়নে)—একি এ!—

মস্তক ছত্ত্রের মত, প্রশস্ত ললাট।
দীর্ঘ নেত্র, স্থ্রিশাল স্থানর কবাট॥
ক্ষীণ মধ্য, কটি স্থান, অস্থল উদর।
আজাত্থলম্বিত বাহা, কমলাক্ষ কর॥
চরণে চক্রের রেথা, কিবা শোভা করে।
সামাজ্যের যত চিহ্ন এই শিশু ধরে॥
অবশ্যই এই শিশু রাজার নন্দন।
সকালে এ হেন দশা হৈল কি কারণ॥

(শরণ করির।) আমার রোহিতাশ্বও এত দিন এত বড়টী হ'য়ে থাক্বে (চিকিত হইয়া) আমার মনে এত কু গাচেচ কেন ? নারায়ণ! নারায়ণ! বাছার বালাই দূর হোক্।

কৈব্যা। (আকাশে) ঠাকুর কৌশিক! এথন্ তোমার মনের সাধ মিট্ল ত ?——

গীত (২৬)

রাগিণী বসস্ত বাহার—তাল আড়া।

পূরিল কি মন-সাধ (অহে) বিশ্বামিত্র তপোধন।
কি পোড়াবে বল এখন্ তব ক্রোধ-হতাশন।
কুথরত্ব সব হরেছ, পথের কাঙ্গাল করেছ,
একটা রত্ব বাকি ছিল, তাও হ'রে বাঁচ্লে এখন্।

রাজা। (সাবেগে) একি! এ কামিনীও যে ভগবান্ কৌশিকের অমুযোগ করছে!—তবে ত আর কিছুই অমিল থাক্ছে না—
সকলই মিণ্ছে! (শৈব্যার প্রতি অনেকক্ষণ দৃষ্টি করিনা) আমি এতক্ষণ
পরস্ত্রীবোধে এর প্রতি ভাল ক'রে দৃষ্টি করিনি—কিন্তু এখন দেখ্ছি
নিশ্চয়ই শৈব্যা—যেরপ আকার প্রকার হ'য়েছে—তা'তে সম্পূর্ণ
চেনা যাচেন না—কিন্তু সেই বটে—যদিও আর্ভনাদে বিকলা, তথাপি
বীণাতদ্রীস্বনের স্থার সেই বাণী,—কুটিল এবং ভ্সাবলীর স্থায়
নীল সেই কেশরাশি—এখন্ রক্ষ ও এলোথেলো হ'য়ে পড়েছে;
যদিও বড় ক্ষীণ ব'লে চেনা যায় না, তথাপি সেই মৃহ্ মধুর অঙ্গপ্রতাঙ্গ;
লাবণ্যও সেই—তবে প্রাণ চিত্রের মত মলিন হয়ে গেছে;—ফলতঃ
আর সন্দেহ নাই—এ আমার শৈব্যাই বটে! তবে এ বালকও বৎস
রোহিতাশ্। (উদ্বান্তভাবে) হা বাছা রোহিতাশ্। তুই আমাদের
ছেড়ে গেছিদ্। (মৃচ্ছা ও পতন)—কিয়ৎক্ষণ পরে সংক্ষালাভ করিয়া দ্র হইতে

রোহিতাখের মুখ দর্শনকরত বিহস্তলভাবে) হা বৎস! তোরে ত চেনা যার না!
—লমর-রাশি-বেষ্টিত প্রফুল পদ্মের মত তোর যে মুখ শোভা পেত,
আজ্ তামশলার মত জটাভারে আচ্ছাদিত হ'রে সেই মুখের কি
বিক্তিই হ'রেছে! হা বৎস রোহিতাখ! হা স্থ্যবংশের নবাস্কর!
হা শৈব্যার অঞ্চলের নিধি! হা হরিশ্চন্দ্রের জীবন-সর্বস্থ! হারে
বাপ্!—আমি বিশামিত্র-গ্রহের প্রীতিসাধন কর্বার জ্লে তোরেই
প্রথমে বলি দিলাম!——পুত্র!—

না করিলে যাগ্যজ্ঞ, না করিলে দান।
না করিলে স্থতোগ, না করিলে ধ্যান॥
মক্ষেত্রে নিপতিত বটবীজ মত।
বিফল হইয়া বংস হ'লে স্বর্গগত!॥

অরে রাজ-কুলের নবাঙ্কুর !---

রাজ্য-অভিষেক বারি পড়েনি মাথার।
বিদ্দিগণ যশোগান করেনি ধরার॥
হয় নাই বাহু ধয়ু-৽ৢৢর্গ-কিণ-ধর।
অরাতিশোণিতে সিক্ত কর নাই কর॥
পত্মীর প্রণয়ামৃত কর নাই পান।
তথ্য হও নাই হেরি পুত্রের বয়ান॥
প্রতিপদ্-চক্র মত যেমন উদিলে।
অমনি আকাশ-কোণে কোথার পড়িলে!।

শৈব্যা। হাবাছা! তুই যে আমার কাঙ্গালের ধন—অন্ধকার-খরের মাণিক;—বাপ্! তোরে কোলে পেরে আমি যে কত আশাই করে ছিলাম্!———

গীত। (২৭)

রাগিণী ললিত—তাল আড়া।

ভোরে পেয়ে কাঙ্গালের ধন বড় ভাগ্য মনে গণি।
কত সাশা করেছিত্ব বল্বা কি রে জাছ্মণি।।
সামি রাজার নন্দিনী, রাজাধিরাজ-গৃহিণী,
তুই রে বোহিত! রাজা হ'লে, হবো রাজ-জননী;
যত করেছিত্ব সাধ, বিধি ঘটাইল বাধ,

(আমার) বাড়া ভাতে ছাই পড়িল, এম্নি আমি অভাগিনী।। (উপবেশন—মৃচ্ছিতার স্থায় অবস্থান)

রাজা। (দ্র হইতেই গুনিয়া সরোদনে) আহা হা !—সতাই বটে--আমিও বৎস রোহিতাখকে যথন্ দেথ্তাম, তথন্ই আমার বক্ষত্ল উৎসাহে ফুলে উঠ্তো—মনে মনে কত স্থেরই ক্লনা কর্তাম—হায়! সে
সম্দরই বৃথা হলো!——

গীত (২৮)

রাগিণী পিলু--তাল আড়া।

হেরিয়ে এ নবতক কত আশা হতো মনে।
আশাবশে স্থেহবারি ঢালিতাম প্রাণপণে।
ফুল হবে ফল হবে, শোভা পাবে স্থপন্নবে,
স্থাতল ছান্না হবে, সে জুড়াবে এ জীবনে।
কোপা হ'তে ঝড় এলো, কুজতক উপাড়িল,
পত্র পুষ্প উড়ে গেল, আমাদের প্রাণ-পক্ষী সনে।

(বহুক্ষণ চিন্তা করিয়া) এখন্ কি করি ?—দেবীর নিকটে গিয়ে কি আত্মপরিচয় দেবো ?—অথবা না—না—তা কাজ্ নাই ;—পুত্রশাকে দেবী উন্মাদিনীর মত হয়েছেন, তাতে আবার এ সময়ে আমার এই ছরবস্থা দেখ্লে এখনই প্রাণত্যাগ কর্বেন (ব্দারীরে দৃষ্টিপাত করিয়া) ছরা- আন্ হরিশ্চক্র ! তুই এখনও মর্লিনে ?--তোর আর কি দেখ্তে বাকি আছে ? (অবশাস্বং ভূমিতে উপবেশন, কিয়ৎক্ষণ পরে চকুরুলীলন করিয়া) হত্ত-ভাগা হরিশ্চক্র ! আত্মঘাতীরা গাঢ় অন্ধকারময় দারুণ নরকে পতিত হয়, সেই ভয়েই কি এই পোড়া প্রাণ এখনও ত্যাগ কর্ছিস্না ? ধিক্ মূর্থ ! তোরে শত ধিক্ !—তোর এখনই গাঢ় অন্ধতমদে ভূব্ দেওয়া উচিত—পুত্রের মূখ-চক্র-বিহীন দিক্ নকল আর এ চক্ষে দেখা উচিত নয়। তা ছাড়া—রে মূর্থ ! অন্ধতমদ, অদিপত্র, রোরব, মহারোরব, কুস্তীপাক প্রভৃতি যে সকল নরক আছে, দে নরকের যে যাতনা, দে সকল যাতনা কি পুত্রশোকের যাতনার সমান ?—যাহোক্ আর বিলম্বে কাজ্ নাই—আমি এই ভাগীরথীর জলে ঝাঁপ্ দিয়ে পুত্রশোকানলে দগ্ধ এই দেহ-প্রাণকে শীতল করিগে পেরিক্রমণ করিতে করিতে ক্ষরণ করিয়া সমন্তমে)ও হো হোঃ—আমি যে পরাধীন!—এ শরীর যে নিজের আয়তনয়!—তা যে একবারও মনে করিনি ! (চিন্তা করিয়া স্বেণ্ডে) হায় হায় !—

স্বাধীন মানবগণ শোকছঃথ হ'তে। জীবন ত্যজিষা পায় নিষ্কৃতি জগতে॥ স্বদেহ-বিক্রয়ী যারা শিরে দাস্য ভার। মরণেও তাহাদের নাহি অধিকার॥

যদি শোকাবেগ সম্বরণ কর্তে না পেরে এখন্ প্রাণত্যাগ করি, তবে এই মুদ্দেরাসেরই দাস হ'য়ে আবার জন্মগ্রহণ কর্তে হবে। অত-এব এখন্ কি করি ?—এক ছঃখ নিবারণ কর্তে গিয়ে, আর এক ছঃখ আন্বো ?—বিছার ভয়ে পাল্য়ে সাপের মুথে পড়বো ?—তা উচিত হচে না—অতএব এ হতভাগাকে এ মরণাভিলার ত্যাগকর্তে হলো। কিন্তু করি কি ?—কিরপে এ দারণ শোকানলের নির্বাণ করি! (চিন্তা করিয়া) ধৈর্য্য ভিন্ন শোকনিবারণের ত আর উপায় নাই। কেরৎকণ স্তর্ভাবে থাকিয়া) তাই কর্বো—ধৈ্যাই অবলম্বন ক'রে মধানির্বাম স্বামিকার্যা সম্পন্ন কর্বো।—পণ্ডিতেরা বলেন, আমরা বে ক্দিন

সংসারে আছি, এর পূর্ব্বের এবং পরের সমন্ত অনস্ত কালই অব্যক্ত—

অন্ধকারময়; তাতে কি ছিল—বা কি হবে—তা জান্বার যো নাই; মধ্যে

দিন কতকের জন্যে পঞ্চত্তের পরিণামে আমাদের এই শরীর জন্মেছে,

আবার দিন কতক পরেই পৃথক্ পৃথক্ হ'য়ে পঞ্চত্তের আপন আপন

আংশে মিশে যাবে;—নিজ শরীরের ত এই অবস্থা। নদীর স্রোতে

পাঁচ দিক্ হ'তে পাঁচ গাছা তৃণ ভেসে এসে একত্র হয়, এবং কিয়ৎক্ষণ
পরে সেই স্রোতোবেগেই পৃথক্ পৃথক্ হ'য়ে চলে যায়। তেমনি আন

মরা যথন কাল-সমুজের স্রোতে ভাসি, তথন্ স্ত্রী পুত্র কলা ভাই বন্ধ্

প্রভৃতি সকলে পাঁচ দিক্ হ'তে এসে আমাদের সঙ্গে মেলে, আবার

দিন কতককাল পরেই সেই স্রোতের বেগেই পৃথক্ পৃথক্ হ'য়ে কে

কোথায় চ'লে যায়; কারও সঙ্গে কারও কোনও সম্পর্ক থাকে না—

সংসারে যোগ বিয়োগ এইরপ ক্ষণভঙ্গুর—অতএব এর জল্যে শোক
ক'রে মরা র্থা।

শৈব্যা। (চেতনা পাইয়া) য়ঁ্যা—এখনও এ পোড়া প্রাণ আমি
ত্যাগ কর্লেম না!—আর ত সইতে পারি নে!—িক করি ? (নেঅজল
মৃছিয়া) আচ্ছা—এই লতার দড়ি ক'রে এই মশানের গাছে উদ্বরন
ক'রে ছঃথ দূর করি (রক্ষু প্রস্তুত করণ—প্রস্তুত করিয়া রক্ষতলে গমনপূর্বক
কৃতাপ্ললি ভাবে) বাছা রোহিত! আমি যে থানে যেতে প্রস্তুত হয়েছি—
তুমি সে থানে আগে গিয়েছ; তোমার জন্যে আর ছঃখ নেই;—
আর্যাপুত্র! তুমি এখন কোথায় আছ ? কি কর্ছ ? সংসারে আছ ?
কি রোহিতের মত আমার যাবার জায়গায় আগ্রে আছ ? তার
কিছুই জানিনে—বাহোক্ এই মর্বার সময় তুমি যদি স্মুখে দাঁড়াতে—
তোমাকে চোকের উপর রেখে প্রাণত্যাগ কর্তে পার্তাম—তা হ'লেও
ক্রুণ দূর হ'তো—কিন্তু এ জন্মে তা আর হলো না!—দেবগণ!
আমি তোমাদের শরণাগতা হলেম্—তোমরা অন্তর্যামী—সকলই জান্তে পার্ছ—আমি কোনওরপে সইতে না পেরেই এ কাজ, কর্তে

উদ্যত হয়েছি—আমাকে আর যত কট্ট দিতে হয়—দিও—কিন্তু তোমা-দের কাছে আমার এই প্রার্থনা যে, আমি আর্য্যপুত্রের সেই রাঙাচরণ, আর বাছা রোহিতের সেই চাঁদমুখ যেন দেখতে পাই! আর আমার কোনও প্রার্থনা নেই (র্ক্ষেরজ্জু ঝুলাইবার উদাম)

রাজা। (দেখিয়া সদস্তমে) এ আবার এক ন্তন বিপদ উপস্থিত ! এখন উপায় কি ? (চিন্তা করিয়া) আচ্ছা—এইরূপে দেখি (গোপনে থাকিয়া কিঞ্ছিৎ উচ্চস্বরে)—

> স্বাধীন মানবগণ শোক হু:থ হ'তে। জীবন ত্যজিষা পায় নিষ্কৃতি জগতে॥ স্বদেহ-বিক্রয়ী যারা শিরে দাস্য ভার। মরণেও তাহাদের নাহি অধিকার॥

গীত। (২৯)

রাগিণী দিন্ধুতৈরবী—তাল আড়া।

বিচিত্র কর্ম্মের খেলা দেখ এ বিখমগুলে।
সবে ভিন্ন পথে ঘোরে নিজ কর্ম্ম-চক্র-কলে।।
কেহ হারে কেহ হরে, কেহ তারে কেহ তরে,
কেহ জন্মে কেহ মরে, কর্ম্মেরই ফলে।
ভূলো না আপন কর্ম্ম, রাখ হে আপন ধর্ম্ম,
না বুঝে মান্নার মর্ম্ম, খেওনা হে পরকালে।।

শৈব্য!। (শুনিয়া সসন্তমে) একথাশুলি কে বল্লে?—এ গানটা
কে গাইলে?—(চত্র্দিকে দৃষ্টি করিয়া) কৈ ? এখানে ত কেউ নেই !—এক
জন মুদ্দফরাস আমার চার্দিকে বুরে বেড়াচ্ছিল—কৈ ? তাকেও ত এখন্
দেণ্ছিলে—এ তার স্বর নয় !—এ মুদ্দফরাসের স্বর নয় !—এ যে বড়
মধুর !—এ যেন দেবতার কথা। তবে কি দেবতারাই আমাকে মর্ভে

নিষেধ কর্ছেন ? (চিন্তা করিয়া) তা সত্যিই ত ? আমি পরের দাসী আছি, এথন্ আপন ইচ্ছায় ম'লে আবার দাসী হ'য়েই জন্ম নিতে হবে; দাসীর মরণেরও অধিকার নেই, আমি মরণের আমোদে মত্ত হ'য়ে, এ সকল কথা একবারও ভাবিনি!—তবে ত মরা হ'লো না! (উর্কেচ্ছিও দীর্ঘনিয়সতাগ) হা দেবগণ! আমি মরেও যে এ জালা নিবারণ কর্বো—তাও দিলে না ?—হা হতভাগিনী! (ভূমিতে পতন—বহুক্ষণপরে সহনা উঠিয়া অক্ষত্যাগ করিয়া) তা কি?—কিছুতেই যার কোনও উপায় হবে না, সে বিষয়ের জন্তে আর মিছামিছি শোক ক'রে কি কর্বো ?—এ জন্মের ত এই ফল হ'লো—এথন্ সত্যিই কি ছেলের মারায় আত্মহত্যা ক'রে পরকালটা নৃষ্ট কর্বো? তা কর্বো না। এক্ষণকার যা যা কর্তে হয়, তা করি—পরে দাসীভাবেই সেই দ্বিজবরের আরাধনা কর্বো—ত্রত উপবাস ক'রে শরীর শুক্ষ কর্বো—দেবতাত্রাক্ষণের পূজা কর্বো—এইরূপ সর্বাদা ধর্মাকর্ম্মে মন দিয়েই থাক্বো—আর দেবতাদের কাছে এই প্রার্থনা কর্বো যে, হতভাগিনীর মন্ধ্যলোকে আর যেন জন্ম না হয় (চিতা প্রস্তুত করণ)

রাজা। (দেখিয়া কাতরভাবে) হাঁ—সময়ের উপযুক্ত কাজ্ এখন্ আরম্ভ হচ্চে! (আজগত) সাধু! দেবি! সাধু! এ বিষম অবস্থাতেও আপনার মহত্ব ভোল নাই! যা হোক্ আমিও এখন্ প্রভুর আজ্ঞামত কাজ্ করি (নিকটে যাইয়া লজ্জা ও কাতরতার সহিত) দেবি! (অক্ষোক্তে মুখা বরণ) মহাভাগে! আমার প্রভুর আজ্ঞা আছে—

মৃতবন্ধ নাহি দিয়া না জানা'য়ে মোরে। শ্মশানের কার্য্য যেন কেহ নাহি করে॥

অতএব তোমার পুত্রের বস্তাদি আমায় দেও (নেত্রজল সম্বরণ করিয়া ক্রপ্রসারণ)

কৈব্যা। (ভয়প্রকাশ করিয়া) ভদ্রমুথ ! তুমি দূরে থাক—আমি
আপনিই তোমার দিচিচ।

র জ। (লজ্জাপ্রকাশ করিয়া অবস্থান)

শৈব্যা। (রোহিতাখের শরীর হইতে বস্তু গ্লিয়া অর্পণ করিবার সময়ে হস্ত দেখিয়া সবিস্নয়ে স্বগত) এ কি! এ ব্যক্তির হাতে মহারাজ চক্রবন্তীর চিহ্ন!—তা এরপ লক্ষণ থাক্তেও এঁকে এমন কার্জ কর্তে হচ্চে কেন? (কিঞ্চিৎ অপসত হইয়া ক্রমে ক্রমে সকল অঙ্গ প্রত্যঙ্গ অবলোকন করত চিনিতে পারিয়া) রাঁয়া—একি!—আর্য্যপুত্র!—আর্য্যপুত্র! রক্ষা কর, রক্ষা কর (রাজার পাদ্দ্রেণ পতন)

রাজা। ^(কিঞিৎ অপসত হইয়া) দেবি! শাশান-চণ্ডালের দাসত্ত্ব আমি দ্যিত—আমায় ছুঁইও না;—শান্ত হও—শান্ত হও।

(উদ্ভান্তভাবে সরোদনে) ধিক্ ! ধিক্ ! ধিক্ !—এ কি ? रेभवता । এ কি ! – তোমার এ বেশ ! তুমি রাজাধিরাজ মহারাজ —তোমার মুদ্দরাদের কাজ! হা বিধি! হা পোড়া কপাল! — আবার ত সইতে পারিনে! (বক্ষেও মন্তকে করাঘাত) হা নিষ্ঠুর প্রাণ! তুই এখনও বাহির হলিনে ? কালভুজক দংশন কর্লে, বাছা আমার य जालाग्र इ ए क ए करत्र ए - जूरे तम जाला तिरथ वा'त र मिन. তুই আর্য্যপুত্রের এ দশা দেখেও বা'র হলিনে! মেয়ে মানুষের প্রাণ বড় কঠিন--বড় কঠিন--বড় কঠিন! মহারাজ! আর আমি কা'রেয় कथा अन्दर्वा ना-- वांत जामि दकांन थ थादांध मान्दर्वा ना-- महाताक ! বোহিতের জালায় আমার হাড় জলে যাচ্চে—তার উপর তোমার এই দশা-দর্শন! এতেও কি বাঁচ্তে আছে ?--এতেও কি প্রাণ রাখতে আছে ?—কৈ ? প্রাণতো বেরোয় না! (বক্ষে করাঘাত) মহারাজ! তুমি এদিকে এসো (রোহিতাশের পার্ষে শয়ন) আমি এই রোহিতকে কোলে ক'রে শুলাম, তুমি আমার বুকে এক পা, আর গলায় এক পা দিয়ে দাঁড়াও—আমি তোমার ঐ রাঙ্গা চরণ ধানি কর্তে কর্তে রোহিতকে কোলে ক'রে স্বর্গে যাই—তোমার চরণম্পর্শে প্রাণত্যাগ কর্লে আমার আত্মহত্যার পাপ হবে না--দাসী হ'মেও আর জন্মিতে হবে না—আমার মর্বার এমন স্থাগে আর কথনও হবে না—মহারাজ! এসো—এসো—আর বিলম্ব করে। না—(রাজার পদাকর্ণ)

রাজা। (অশ্রুপরণ করিয়া ধৈর্য্সহকারে) প্রিরে ! আর জাল্ইও না—
এ জলস্ত অগ্নিতে আর মৃতাহুতি দিও না !—এ সকল কর্মের বিপাক—
এক্ষা বিষ্ণু মহেশ্বর কাহারও থওন কর্বার শক্তি নেই—এ জন্তে আর
রুণা থেদ ক'রো না—শাস্ত হও—শাস্ত হও—থেরূপ ধৈর্য অবলম্বন
ক'রে এক্ষণ কার উপযুক্ত কাজ্ কর্তে উদ্যুত হচ্ছিলে, তাই কর।

শৈব্যা। (সংরাদনে) মহারাজ! ধৈর্যে বুক ত বেঁধে ছিলাম—
কিন্তু তোমার এ দ্শা দেখে, সমুদ্রের তরঙ্গের উপর বালীর বাঁধের
মত, সেই ধৈর্য কোথায় ভেসে গেল—বৈল না—রাথ্তে পার্লেম না!

রাজা। প্রিয়ে! অনেকক্ষণ আমি তোমায় চিন্তে পেরেছি; আনেকক্ষণ সম্দয় ব্যাপার জান্তে পেরেছি—তুমি যে জালা নিবারণের জঠে প্রাণত্যাগ কর্তে উদ্যত হচ্চো—আমি পূর্বেই তাই কর্তে উদ্যত হয়েছিলাম, কিন্তু পরে ভেবে দেখ্লেম, আমরা যে তা পারিনে—আমরা যে দাস! প্রভ্র আজ্ঞা ভিন্ন—ইচ্ছাপূর্বেক মর্তেও যে আমাদদের অধিকার নেই। আর আত্মহত্যার পাপই কি সাধারণ! অনেক তরলবৃদ্ধি স্ত্রীলোকে দাকণ মনস্তাপ সহু কর্তে না পেরে আত্মহত্যা করে, সত্য বটে, কিন্তু তোমার মত বিবেকবতী স্ত্রীরও তাই করা কিকর্ত্ব্য ? কথনই না—রড়ে তক্ষরাজি ও শৈলমালা ছইই যদি নড়ে, তবে সে ছইএর ভেদ কি ?—অতএব প্রিয়ে! আর র্থা শোক ক'রো না—ওঠ—এক্ষণকার কর্ম্ম সম্পন্ন কর; মৃতবস্ত্র (সনীৎকারে) আমার হাতে দেও (হন্তু প্রসারণ)

শৈব্যা ৷ (সবেগে উঠিয়া) — তাই কর্বো ? — কেন কর্বো না ?
— প্রাণেশর ৷ তুমি মা বল্ছো—তাই কর্বো—আমি তোমার আজ্ঞা
কথনও লক্ষন কর্বো না—স্বর্গ হো'ক—নরক হো'ক—মা হয় – তাই

হোক্—আমি তোমার আজা পালন কর্বো—কিছুতেই তোমার আজার অন্তথা কর্বো না—প্রাণনাথ! তুমি যা বল্ছো—তাই কর্বো—তাই কর্বো—তাসা—নিকটে এসো (বিহলতার সহিত) এই নেও—এই রোহিতাখের মৃতবন্ধ নেও (রাজার হত্তে বন্তার্পণ; আকাশ হইতে পুশর্টি: উভয়ের সবিশ্বরে অবলোকন)

রাজা। একি ! আকাশ হ'তে পুশ্বর্টি হ'লো যে !

নেপথেয়ে। কিবা দান, কিবা জ্ঞান, কিবা মতি ধীর।

কিবা সত্যা, শীল, হরিশ্চক্র নৃপতির॥

শৈব্যা। (শাষার সহিত) কে এ ? আর্যাপুত্রের গুণপ্রাশংসা ক'রে আমার হৃদয় শীতল কচ্চে ?—অথবা গুণের কথায় আর কাজ নেই!— এ হেন ধার্মিক আর্যাপুত্রকেও ত এমন হৃদশা ভোগকরতে হ'লো! বুঝ্লাম—ধর্ম মিথ্যা—দান মিথ্যা—সকলই অরণ্যে রোদন—সকলই অরকারে নৃত্য।

ধর্ম্মের প্রবেশ।

ধর্ম। মহাপতিব্রতে!—মহারাজ হরিশ্চক্র! আমি ধর্ম;—
আমায় মিথ্যা বল্লে কেন? দেখ অস্তান্ত রাজারা কত দান, কত
সত্যপালন ও কত কত ছফর মহৎকর্ম ক'রেও ধে লোক পায় না,
আমি সেই নিত্য নিরঞ্জন ব্রহ্মলোক তোমাদিগকে দেবার জন্ম শ্বরং
উপস্থিত হয়েছি। অতএব আর বিঘাদের প্রয়োজন নাই। (পভিড
রোহিতাধের প্রতিদৃষ্টি করিয়া) বৎস রোহিতাধা ! জীবিত হও।

রাজা। ^(দেখিয়া সহর্কি) এ কি ! ভগবান্ ধর্ম স্বরং উপস্থিত ! ভগবন্! অভিবাদন করি।

কোব্যা। ভগ্বন্! প্রণাম করি।
বোহিতাশ্ব। : (প্রাপ্তপ্রাণ হইরা ক্রমে ক্রমে চক্রশালন)

ধর্ম। বংস রোহিতার ! গাত্রোখান কর—
মরিয়া বাঁচিলে তুমি পিতৃ-পুণ্য-বলে।
পিতার সমান প্রজা পাল কুতৃহলে।।

রোহি। ^(উঠিয়া মাতাকে দেখিয়া) মা! এপানে ভোমায় কে স্মান্নে ?

শৈব্যা। আপনার ভাগ্য (পুত্রের মুখ চুখন)

ধূর্ম। বংস! ত্রহ্মলোকের অতিথি তোমার পিতা এই সমুথে দুখারমান।

রোহি। (দেখিরা) স্ত্রা—বাবা তুমি! বাবা!—বাবা! (পাদম্লেপতন)

রাজা। (অপসত হইয়া) বৎস! আমি শাশান-চণ্ডালের দাস্যে দ্বিত হয়েছি;—আমায় ছুঁইও না।

ধর্ম। ও সকল থেদের কথায় আর কাজ্নাই—যে ব্রাহ্মণ তোমার মহিবীকে ক্রয় করেন—তুমি যে চণ্ডালের দাস হও—তোমার রাজ্য যেরূপ হয়—এ সমস্ত স্পষ্টরূপে তোমায় দেখ্য়ে দিচিচ। তুমি আমার অঙ্গমর্শ কর—তা হ'লে দিবাচকু লাভ হবে—তাতে সম্দয় কাও প্রত্যক্ষের মত দেখ্তে পাবে।

রাজা। (দক্ষিণহত্তবারা ধর্মের অঙ্গম্পর্শ করিয়া মুক্তিত-নয়নে সসন্ত্রমে)
এ কি! এ কি! ভগবান বিশামিত বিদ্যালাভে তুই হ'য়ে অযোধ্যারাজ্য আমার মন্ত্রীদের উপরেই অর্পণ করেছেন। অমাত্য বস্তৃতি ও
বিদ্যক বারাণসী হ'তে তথায় গিয়ে রাজ্য কর্ছেন।

ধর্মা। রাজন্! তোমার সত্যপরীক্ষার জন্তই ঋষি সেরপ করেছিলেন—রাজ্যলোভের জন্ত নয়; অতএব সে নিমিত চিস্তিত হ'য়ে। না। আবার দেখ।

রাজা। (পুনর্কার সেইরূপ করিয়া সানন্দে) : দেবি!—কি সৌভাগ্য!

কি সৌভাগ্য! তুমি যে বাহ্মণী—বাহ্মণের দাসী হ'বেছিলে, তাঁরা সামান্ত ল্লী-পুরুষ নন্—তাঁরা ভগবান্ বিষেশ্বর আর মা অন্নপূর্ণার সাক্ষাৎ অবতার! আমাকে যিনি কিনেছিলেন—তিনিও মুদ্দ্রবাস নন্—সাক্ষাৎ ধর্ম্ম!—এখন আর মনের থেদ নাই—এখন সকল হঃথ দূর হল!

ধর্মা। তবে এখন রোহিতাখকে পৃথিবীরাজ্যে অভিষিক্ত কর। রাজা। ভগবানের যে আজা।

ধর্ম ৷ তবে আমি উপকরণ সংগ্রহ করি (প্রণিধানমাত্রেই উৎকৃষ্ট দিংহাসন, ছত্র, চামর, রাজদও, তীর্থজল প্রভৃতি রাজ্যাভিষেকের সমুদ্য উপকরণ এক দিব্য পুরুষকর্তুক উপস্থাপিত)

ধর্ম ও হরিশ্চন্স কর্তৃক বোহিতাখের রাজ্যাভিষেক-করণ।

নেপথ্য। মৃহ মধুর বাদ্যধ্বনি।

ধর্ম। রাজন্! দেবতারাও বংস রোহিতাখের রাজ্যাভিবেক অভিনন্দন কর্ছেন—ঐ শোন—স্বর্গে ছন্দৃভিধ্বনি হচ্চে—বীণা বাজ্চে—ন্প্রশব্দ শোনা যাচ্চে—অপ্যরারা নৃত্য কর্ছে। অতএব আর কি ? সকল কর্ত্ব্য কর্মই ত সম্পন্ন করা হলো—এখন্ এন্বালেকে চল।

রাজা। ভগবন্! আমি যথন্ বারাণসীতে আসি, তখন্
অযোধ্যাবাসী প্রজাগণ আবাল বৃদ্ধ বনিতা সকলেই কেঁদে আকুল
হ'য়েছিল, আর অতি কাতরস্বরে বলেছিল 'নাথ! আমরা তোমার
ছেড়ে কোনও মতে থাক্তে পার্ব না—তুমি যেথানে যাও, আমাদের
সঙ্গে নিয়ে চল' তথন নানা কারণে আমি তাদের সঙ্গে আন্তে
পারিনি—কিন্তু এখন কেমন ক'রে তাদের ছেড়ে স্বর্গে যাই!—বিদি
আপনি অনুমতি করেন, তবে তারাও আমার সঙ্গে যায়।

ধর্ম। রাজন্! তাকি হয়! আপন আপন কর্মফলে লো-কের নানারপ গতি হয়। প্রজাদের সকলেরই এত পুণ্য কি? যে তোমার সঙ্গে স্থর্গে গমন করে। রাজা। ভগবন্! আমি অনন্তকাল স্বর্গস্থ চাই না—আমি

যদি, এক দিন—এক দণ্ড—এক পল অথবা একক্ষণও তাদের সঙ্গে

একত্র স্বর্গবাস কর্তে পাই, সেও আমার পরন স্থা। আপনি অনুমতি

কর্মন—আমার বা কিছু পুণ্য আছে, সে সমুদ্য আমি তাদের দিচ্চি—

তারা সেই পুণ্যবলে স্বর্গে চলুক।

ধূর্ম। (প্রিমানে) ধহা রাজর্ষি! তোমার চরিত্র অলোকিক!

গীত৷ (৩০)

রাগিণী দিন্ধুভৈরবী—তাল আড়া।

ধন্ত রাজা হরিশ্চক্র ধন্ত তুমি ধর্ম-বলে। হয় নাই হবে নাক তব তুলা ধরাতলে॥

কিবা সত্য কিবা ধৈর্য্য, কিবা দান কি গাস্ভীর্য্য,
কিবা বচনের হৈর্য্য, কিছুতেই নাহি টলে।
প্রজাজনে এত স্নেহ, করে নাই কভু কেহ,
থমনি দয়ার দেহ, পরছ্থে যেন গলে।
তব নাম ষে করিবে, তব কীর্ত্তি বে শুনিবে,
সে কথনো না মজিবে, পাপের পদ্ধিল জলে।

বাহো'ক—রাজন্। প্রজাগণকে আপন পুণ্য দান কর্বার অঙ্গীকার করায়, তোমার যে অপর পুণ্যরাশি উৎপন্ন হ'লো—তারই বলে ভূমি অযোধ্যাবাদী প্রজাগণের দহিত পুণ্যধামে গমন কর।

রাজা। (সাক্লাদে) ভগবন্। তথাস্ত। (সকলের প্রানোদ্যা)

नरित প্রবেশ।

নিট্ট। ধর্মপথে যদি জীব নিরস্তর থাক। বিপদে সম্পদে যদি জগদীশে ডাক॥

শত শত মহাকষ্ট যদি তুমি পাও। তবু সত্যপথ ছাড়ি যদি নাহি যাও ॥ তবে তব ভবে পথ হইবে সরল। যে কর্ম করিবে তাহে পাইবে মঙ্গল।। এই দেখ হরিশ্চন্দ মহানরপতি। কুপিত-কৌশিক-কোপে কি হ'লে। দুৰ্গতি।। রাজ্যনাশ পত্নী পুত্র বন্ধুর বিশ্লেষ। চণ্ডালদাস্থ আর শাশানের কেশ।। निर्विकात मटन ताका मकलि महिल। কোনও মতে ধর্মপথ হ'তে না টলিল।। অবশেষে ধর্ম আসি নিজে উপস্থিত। মৃতপুত্র রোহিতাখে করিলা জীবিত। সর্বহঃথ দূর হ'লো আমনন্দ অপার। অযোধ্যার নম্ভরাজ্য হইল উদ্ধার॥ ভুবন ভরিয়া কীর্ত্তি রাখি নিজ নামে। চলিলেন প্রজাসহ রাজা ব্রহ্মধামে॥ রোহিতাশ পিতৃরাজ্যে প্রতিষ্ঠিত হ'ল। মুখভরে ভাই সবে হরি হরি বল।

সকলের প্রস্থান।

যবনিকা প্রতন।

